SHARODIYA LIPIKA

শারদীয়া লিপিকা

OCTOBER 2020
কার্ত্তিক ১৪২৭

VOLUME 14 AUTUMN ISSUE
চতুর্দশ বর্ষ শারদীয়া সংখ্যা

EDITOR
DR. JHARNA CHATERJEE

COORDINATOR
ADITYA CHAKRAVARTI

WEB MASTER
SOMESH ROYCHOUDHURY
SOUMMYO PRIYO CHATTOPADHYAY

COVER DESIGN
REETO GHOSH
OISHEE GHOSH

Lord Ganesh

Debabrata Mukherjee



সম্পাদকীয় \ Editorial

প্রিয় লিপিকার বন্ধুমহল,

এবারকার লিপিকাতেও আমরা পেয়েছি কিছু উপভোগ্য লেখা ও ছবি। করোনা-ভাইরাসের উপদ্রবে আমরা কাগজের 'লিপিকা' প্রকাশ করতে পারলাম না, সবার কাছে তার জন্য ক্ষমা চাইছি। এ বছরে এই পত্রিকা শুধু ই-পত্রিকা হিসাবেই আত্মপ্রকাশ করবে।

শারদীয়া দুর্গাপূজা বাঙালির মনকে চিরদিনই উদাস করে দেয়, সে কাশের বনে দোলা দেখেই হোক আর অটোয়ার বনে কমলা-লাল-হলুদের উচ্ছাস দেখেই হোক। তবে যে ভাবে আর যেখানেই দুর্গাপূজা আমরা পালন করি না কেন, ঐ কটি দিন আমাদের পরম-উৎসবের দিন।

লিপিকার পক্ষ থেকে সবাইকে দুর্গাপূজায় আমাদের আন্তরিক শুভকামনা জানাই।

ঝর্ণা চ্যাটার্জী,

সম্পাদিকা (সাথে আদিত্য চক্রবর্তী, পরিচালক)

Dear Lipika friends,

Like previous years, we have been blessed again with a few enjoyable contributions - both literary and artistic - from our members. This year has given us a different challenge to contend with - due to coronavirus pandemic. We decided not to print Lipika this year, and to publish it only as an E-magazine. Our apologies for that.

Durga Puja days are festive to all Bengali people regardless of which corner of the world we are in, and how the emotion is stirred in our hearts.

On behalf of the Lipika team, we wish all of you the best.

Jharna Chatterjee

Editor, Lipika (with Aditya Chakravarty, Coordinator)

Lipika team is not responsible for the content or opinion expressed by any wrier.
লিপিকা সম্পাদিকা বা পরিচালক পত্রিকায় প্রকাশিত কোন তথ্য বা মতামতের জন্য দায়ী নন।

****** সূচীপত্র Contents ******

লিপিকা

কার্ত্তিক ১৪২৭ চতুর্দশ বর্ষ শারদীয়া সংখ্যা

October 2020 Volume 14 Autum Issue

Lord Ganesh	Debabrata Mukherjee	1
সম্পাদকীয় \ Editorial	From the Editor	2
সূচীপত্র / Contents		3
মেনকার দুঃখ	সুপর্ণা মজুমদার	4
কিলডিয়ার (Killdeer) দিল-দিয়ার (Dil-Dear)	মদনমোহন ঘোষ	6
বেঁচে থাক বিদ্যাসাগর চিরজীবী হয়ে	সংঘমিত্রা চক্রবর্তী	10
যখন বৃষ্টি আসে	অনিন্দ্য গাঙ্গুলী	17
এখনকার যত যা তা গল্প	আদিত্য চক্রবর্তী	19
দুটো কবিতা	ডক্টর ঝর্ণা চ্যাটার্জী	23
সুরের জালে	রাজশ্রী সেনগুপ্ত	26
পথের সারথী	সুভাষ চন্দ্র বিশ্বাস	28
স্মৃতিচারণ	আদিত্য চক্রবর্তী	29
পূজোর মেলা	অরুণ শংকর রায়	35
হিজিবিজি বিদ্যা	হাসু ঘোষ	37
মাউন্টিদের সাথে কয়েক বছর	ডক্টর ঝর্ণা চ্যাটার্জী	41
Calcutta: The British Gateway to India	Sourendra K. Banerjee	46
An Oasis in the Paddy Fields	Subhash C. Biswas	59
Living Bhoots in my home and garden in Ottawa	Dr. Nirmal Kumar Sinha	66
Ganges Cruise	Yogadhish Das	71
Sherlock Holmes in Old Town, Riga	Subhalakshmi Basu Ray	77
Mandu	Subhash C. Biswas	79
Reclaiming Indigenous Culture on a Canvas	Reeto Ghosh	86
My foray into nature	Oishee Ghosh	87
Alpona	Nirmal Kumar Sinha	89
কোথায় গেলে তারে পাবো	দেবব্রত মুখার্জী	90
Lily - acrylic on canvas	Arun Shankar Roy	91
A Man of Conscience	Reeto Ghosh	92
Laugh your heart out	Various collections	93
Rapid River, Quebec, Acrylic on canvas	Shila Biswas	99

মেনকার দুঃখ

সুপর্ণা মজুমদার

এবার আমার উমা এলে বলবো সবই খোলাখুলি -
মনের মাঝে এত দিনের জমিয়ে রাখা কথাগুলি ।

তোমার বাবা গিরিরাজের বয়স তো আর কম নয় !
Retire করে আয় কমেছে। করলো খানিক নয় ছয়
টাকাকড়ি ভাইটি তোমার উড়নচণ্ডে মৈনাক ।
বলতে গেলে মহাভারত। সেসব কথা না হয় থাক ।
মহেশ্বরের ছত্র ছায়ায় তুমি মাগো আছো সুখে ;
অন্নপূর্ণা হয়ে তুমি অন্ন যোগাও সবার মুখে ।
Talented সব ছেলে মেয়ে, বড় বড় চার চারটি -
বুড়ো বুড়ির খবর নিতে আসেওনা কেউ একবারটি ।
বাঙালি দের আবদারেতে সম্বৎসরে একটিবার -
বাপের বাড়ি visit কর - week end দেখে দিন তিন চার ।
সঙ্গে আসে ছেলেমেয়ে, ওরাতো আর ছোটটি নেই ।
বিয়ের বয়স পেরিয়ে গেল, move out করার নামটি নেই ।
লোকের মুখে শুনি প্রায়ই, লক্ষীর নাকি ভালো বিয়ে -
শ্রী জনার্দন স্বামী তাহার। সবি ভালো, তবে ইয়ে -
কাজের মধ্যে বসে শুধু লক্ষী করেন পদসেবা,
এটা কেমন Life style! সেই কথাটা বলে কেবা !
গণপতি বাবাজীবন, health এর দিকে নজরই নেই
করে সবাই হাসাহাসি ওই ভুঁড়ির দিকে তাকালেই ।
ফুলবাবুটি কার্তিকেয় পা বাড়িয়ে আছেন যেন,
হলেই কোথাও মারামারি, উনি সদাই ready জেনো ।
"অন্য পাড়ার" মেয়েরা সব ওকেই নাকি পূজো করে?
মন্দ লোকের কাজ নেইকো মন্দ কথা বলে মরে ।

ওরই মধ্যে সরস্বতী- শান্তশিষ্ট নাতনী আমার,
দেবী তিনি লেখা পড়ার, শিল্প এবং সা রে গা মা র।
ওসব এখন obsolete, চলছে লারেলাপ্পা গান -

লেখাপড়ার নাম নেইকো, six figure টি আগেই চান
লক্ষী ছাড়া, আর কারো কদর নেইকো তেমন মর্ত ধামে
দুর্গা পূজো করছে বটে, কেবল ফুর্তি করার নামে ।

আগে আগে সারা বছর কাটতো শুধু আশা নিয়ে -
উমা আমার আসবে ঘরে সোনার নূপুর পায়ে দিয়ে ।
ঝলমলিয়ে উঠবে হেসে গিরিরাজের আঁধার গেহ
চারটি দিনের তরে ও মা । দুখিনি এই মায়ের স্নেহ
দিতাম তোমায় উজাড় করে। সেদিন এখন বহু দূরে
তুমিও মাগো পালটে গেছো, আমরা বাজি বেসুর সুরে ।

বাড়লো যেমন family তোমার, আমরা দুজন হলাম বুড়ো -
অত জনের বাসমতী চাল, পাঁঠার মাংস, মাছের মুড়ো
কোথায় যে পাই! এখন যে তাই মহালয়ার পরে পরেই -
আমার বুকে palpitation, গিরিরাজ তো পড়েন জ্বরেই ।

বলবো আমি আমার কথা - দুঃখ তুমি পাও বা না পাও -
সবার মেয়ে মাকে দেখে, তুমি তো মা ফিরেও না চাও ।
বলবো এসব গৌরী মাকে, আমার মনের যত কথা -
মেয়ে আমার বুঝবে না কি মা মেনকার মনের ব্যথা?

কিলডিয়ার (Killdeer) দিল-দিয়ার (Dil-Dear)

মদনমোহন ঘোষ

ফটো*: CBC News, June 27, 2018.*

দু-বছর আগের ঘটনা। অফিস থেকে প্রতিদিনের মতো বাড়ি ফিরছিলাম। রেডিওতে একটা ব্রেকিং নিউজ আমাকে বেশ কৌতুহলী করে তুলল। রেডিওর ভল্যুমটা বাড়িয়ে দিলাম খবরটা আরও ভালভাবে শোনার জন্য। বিষয়টা হল, চারটে পাখির-ডিমের নিরাপত্তার জন্য অটোয়াতে এবার ব্লুসফেষ্ট বন্ধের মুখে। লাব্রেটন ফ্ল্যাটসে, যেখানে ব্লুসফেষ্টের মূল মঞ্চ তৈরী হয়ে থাকে সেখানে একটা পাখির বাসা আর তাতে চারটে ডিম দেখা গেছে। শুধু তাই নয়। একটা পাখি ঐ ডিমে তা দিচ্ছে আর অন্য একটা পাখি রক্ষীর মতো ওদের পাহারা দিচ্ছে। এই অবস্থায় মঞ্চ তৈরীর জন্য পাখির বাসাটাকে সরালে পাখির ডিম ফুটে বাচ্চা হওয়াতে বিশেষ আশঙ্কা বা ঝুঁকি আছে। তাই ওটাকে সরানো যাবে না। আর না সরালে অনুষ্ঠান হবে কি করে। হাজার হাজার মানুষ ছ-মাস আগে টিকিট কেটে অপেক্ষা করছেন তাদের প্রিয় শিল্পীদের গান শোনার জন্য। দেশবিদেশের বিশিষ্ট শিল্পীদের নিয়ে এই অনুষ্ঠান এমন সংকটে কখনও পড়েনি।

ব্লুসফেষ্টের আর দেরি নেই, তাইতো মঞ্চ তৈরীর কাজ শুরু হয়েছে। কবে ডিম থেকে বাচ্চা হবে তার কোন ঠিক নেই। সাধারণত হ্যাচিং পিরিয়ড ছোট পাখিদের ন্যূনতম ১০ দিন আর বড় পাখিদের ক্ষেত্রে দীর্ঘ চার সপ্তাহ পর্যন্ত হতে পারে। কর্মকর্তা তথা সংগীতানুরাগীদের মাথায় হাত। নামী জ্ঞানী শিল্পীদের সঙ্গে একবছর আগেই এগ্রিমেন্ট হয়েছে। কয়েক মিলিয়ন ডলারের টিকিটও বিক্রি হয়েছে। এমন অবস্থায় কি যে হবে তা নিয়ে নানান জল্পনা কল্পনা শুরু হয়েছে। অটোয়ার বাৎসরিক এই অনুষ্ঠানটি খুবই জনপ্রিয় বিশেষ করে একটু কমবয়সী সংগীতানুরাগী ছেলেমেয়েদের কাছে। জুনের প্রায় শেষ, আর সপ্তাখানেকের মধ্যেই অনুষ্ঠান শুরুর কথা। চলবে দশ-এগারো দিন ধরে। বিশেষ শিল্পীদের মধ্যে আসছেন, ফু ফাইটার্স, বেক, ডেভ ম্যাথিউস ব্যান্ড, এবং স্টারগিল সিম্পসন ইলেকট্রিক বিলের শীর্ষস্থানীয়া। অন্যান্য উল্লেখযোগ্য শিল্পীদের মধ্যে আছেন ব্রায়ান অ্যাডামস, দ্য ওয়ার অন ড্রাগস, কোর্টনি বার্নেট, রাই সেমুমুর, ব্রকহ্যাম্পটন, ক্রোমো, গ্রেটা ভ্যান ফ্লিট, শ্যাগী, বেঞ্জামিন বুকার, এবং লস স্ট্রেইটজ্যাকেটস সহ নিক লোয়ে।

মূলত ব্লুস সংগীতকে কেন্দ্র করে অটোয়াতে ১৯৯৪ সালে এই অনুষ্ঠানের সূচনা হয়। মেজরস্ হিল পার্কে এই অনুষ্ঠানে সে বছর পাঁচ হাজার লোক হয়েছিল। ক্রমশই জনপ্রিয়তার প্রসার হয়েছে। সাম্প্রতিক বছরগুলিতে এর সঙ্গে ক্রমবর্ধমানভাবে যোগ হয়েছ মেইনস্ট্রিম পপ, হিপহপ, রেগি এবং রক। এখন ব্লুসফেস্ট কানাডার বৃহত্তম ব্লুস ফেস্টিভাল এবং উত্তর আমেরিকার দ্বিতীয় বৃহত্তম উৎসবে পরিণত হয়েছে। জনপ্রিয়তার কারণে অনুষ্ঠানের স্থান পরিবর্তন করতে হয়েছে তা বহু বছর হয়ে গেল। ইদানীংকালে শ্রোতৃমণ্ডলীর সংখ্যা তিন লাখ ছাড়িয়ে যায়। ২০০৭ সাল থেকে লাব্রেটন ফ্ল্যাটসের ফাঁকা এই তিন-চার একর জায়গায় প্রতি বছরই জুলাই মাসে এই অনুষ্ঠানটা হয়। কেনেডিয়ান ওয়ার মিউজিয়ামের পাশের এই জায়গাটাকে পুরোপুরি ঘিরে ফেলা হয়। কয়েকদিনের জন্য গড়ে ওঠে একাধিক অস্থায়ী মঞ্চ।

কিছুদিন আগেও জায়গাটা সাদা বরফে ঢাকা ছিল। কিন্তু বসন্তের মাঝামাঝি বরফ গলে যাওয়ার সঙ্গে সঙ্গেই মাঠ ভরে গেছে ঘন সবুজ ঘাসে কোথাও বা অবাঞ্ছিত আগাছায়। মাঠের মাঝে মাঝে রুক্ষ দাবদাহে সোনালি ঘাস দেখা যাচ্ছে বিশ্ব উষ্ণায়নের ফল হিসাবে। মনে পড়ে বছর বিশেক আগেও বাড়িতে এয়ার কন্ডিশনিং (এসি) লাগতো গ্রীষ্মের শেষ কয়েক দিনে। আর এখন বসন্তের শেষ হতে না হতেই এসি চালাতে হয়। অবস্থা এমন দাঁড়িয়েছে যে ক্যানাডার কয়েকটা শহরে উচ্চ তাপমাত্রার কারণে প্রতি বছর শত শত মানুষ মারা যান। অবশ্য এর পেছনে এঁদের কো-মর্বিডিটিও অন্যতম কারণ। আশ্চর্যের কথা হল শীত প্রধান এই দেশে কোনও কোনও শহরে রেন্টাল প্রোপার্টি বা সিনিয়র্স হোমেও উচ্চতম তাপমাত্রার কোন সীমা বাঁধা হয়নি। তাই প্রোপার্টি ওউনাররা ঘরে ভাড়াটেদের জন্য এসি দিতে বাধ্য নন। তবে নিম্নতম তাপমাত্রা আইনগত ভাবে বেঁধে দেওয়া হয়েছে। বিশ্ব উষ্ণায়নের কথা তখন চিন্তার বাইরে ছিল।

এদিন সকাল থেকেই জন ফ্রান্সিস তার বিশাল লন মোয়ার নিয়ে ঘাস কাটছিলেন। কেউ বা আগাছা পরিষ্কার করছেন। একই সঙ্গে আবার বড় বড় ট্রাক থেকে স্টেজ তৈরীর লাম্বার নামানোও চলছে।

হঠাৎ দেখা গেল দুটো পাখি জন ফ্রান্সিসের মাথার উপর দিয়ে যাওয়া আসা করছে। ওদের তীব্র আর্তনাদে সব কর্মকাণ্ড থেমে গেল। জন বেপরোয়া ভাবে বেড়ে ওঠা ঘাসের মধ্যে কিছু একটা লক্ষ্য করে মোয়ারটা থামালেন। আশপাশে কর্মরত সহকর্মীরাও ঘাবড়ে গেলেন। "কি হয়েছে? সবকিছু ঠিক আছে তো?" জন বলল, "সামনে একটা পাখির বাসা। তাই..." সত্যিই তো, সামনে একটা পাখির বাসা। বাসার মধ্যে চারটে ডিমও রয়েছে। অনুষ্ঠানের পরিচালক মার্ক মোনাহেমকে জানাতেই উনি সমস্ত কর্মীদের ওখান থেকে দূরে সরে যেতে বললেন। ওখানে কোনও ধরনের কাজ বন্ধ করে দিলেন। কি সমস্যা! এখানেই তৈরী হবে অনুষ্ঠানের প্রধান মঞ্চ। মাঠের বাকি জায়গা প্রায় পরিষ্কার হয়ে গেছে। জন কাজ বন্ধ করে একটু সরে যেতেই একটা পাখি বাসায় চলে এলো। সে ডিমের উপর বসল। আসলে সে ডিমে তা দিচ্ছে। অন্য পাখিটা পাশেই একটা গাছের ডালে বসে আছে। অনুষ্ঠান কর্তৃপক্ষের নির্দেশে পাখিদের যাতে কোন রকমের ব্যাঘাত না ঘটে তার জন্য ২৪ ঘন্টার জন্য পাহারাদার নিয়োগ করা হল।

খুব কম সময়েই ঘটনাটা কানাডার জাতীয় স্তর অতিক্রম করে আন্তর্জাতিক দৃষ্টি আকর্ষণ করল। কানাডিয়ান রেডিও, সি.এন.এন, মার্কিন যুক্তরাষ্ট্রে ওয়াশিংটন পোস্ট এবং দ্য গার্ডিয়ানে স্থান পেল। এদেশে পশুপক্ষী-ভক্ত মানুষের অভাব নেই। পশুর অধিকার নিয়ে সংগঠন ও আছে। সমস্যার সমাধানের জন্য এনভায়রণমেন্ট ক্যানাডা ও ন্যাশনাল ক্যাপিটল কমিশনের জীববিজ্ঞানীরা জরুরী তৎপরতায় কাজ করছেন ঠিকই কিন্তু তবু সময় তো একটু লাগবে। পাখিটা কবে থেকে ডিমে তা দিচ্ছে, হ্যাচিং পিরিয়ড কত দিনের। এই মুহূর্তে কোন রকমের ব্যাঘাত পক্ষী-ছানার জন্য ক্ষতিকর হবে কিনা। ওরা নির্লোপ-প্রায় গোষ্ঠীর পাখি কিনা। পাখির বাসাটাকে ওখান থেকে নিরাপদ স্থানে নিয়ে যাওয়া যাবে কিনা। এছাড়া আরও কত কিছু তাঁরা অনুসন্ধান ও গবেষণা করছেন তাঁরা।

দেখতে দেখতে তিন দিন কেটে গেল। মাঝে ছুটির দিনেও সরকারী বিজ্ঞানীরা সমস্যার সমাধানের জন্য কাজ করেছেন। জানা গেল ওই পাখিদের নাম কিলডিয়ার (Killdeer)। আয়তনে ছোট, অনেকটা দোয়েল পাখির মত দেখতে। না, না ওরা নির্লোপ-প্রায় গোষ্ঠীর নয়। তবে মাইগ্রেটরি বার্ড হিসেবে ওদের সুরক্ষা আবশ্যিক! ক্যানাডাতে এ নিয়ে বিশেষ আইন আছে। অবশেষে এনভায়রণমেন্ট ক্যানাডা কয়েকটা বিশেষ শর্তে বাসাটাকে ওখান থেকে পঁচিশ মিটার দূরে সরিয়ে নিয়ে যাওয়ার অনুমতি দিল। এর থেকে বেশী দূরে নিয়ে গেলে পাখি দুটো ওই বাসায় ফিরে নাও আসতে পারে। আর তা হলে ডিমের ভেতরের নিকট ভবিষ্যতের পাখিদের আর পৃথিবীর আলো দেখা হবে না। পাখিদের জগত মনুষ্য সমাজের এই 'মূল্যহীনতাকে' ধিক্কার জানাবে।

শর্ত মেনেই আসল অভিযান শুরু হল। ওডেনের ওয়িনল্যান্ডস বন্যপ্রাণী অভয়ারণ্য নির্বাহী পরিচালক মনিকা মেলাইকার স্বয়ং এসেছেন তাঁর সহকর্মীদের নিয়ে এই অভিযানের নেতৃত্ব দিতে। তিনি বললেন, "কাজটা করতে হবে খুব সন্তর্পণে। ভয়ের বিষয় হলো মানুষের সংস্পর্শে বেশীক্ষণ থাকলে পাখিদুটো ওদের ডিমগুলোকে পুরোপুরি বর্জন করতে পারে।" মাটিতে বাসা ও ডিমগুলো যেরকম ভাবে ছিল সেই রকম পরিবেশ সৃষ্টি করে একটা প্লাটফর্ম বানানো হল। তারপর বাসা ও

ডিম রেখে সবাই ওখান থেকে সরে গেলেন। সবাই সরে যেতেই পাখিরা আবার বাসায় ফিরে এলো। মেলাইকার ও তাঁর সহকর্মীরা একটু স্বস্তি প্রকাশ করলেন। "যাক, আমরা প্রথম ধাপে সফল। ওরা নতুন জায়গায় ওদের বাসাটাকে মেনে নিয়েছে। এর পর ধাপে ধাপে ওটাকে সরিয়ে নিয়ে যেতে হবে।"

বিকেল তখন পাঁচটা, সরানোর কাজ শুরু হল। প্রতি ধাপে মাত্র এক মিটার সরানো যাবে। দুই ধাপের মাঝে অন্তত কুড়ি মিনিটের ব্যবধান রাখতে হবে। অন্যতম শর্ত হল পরের ধাপে সরানোর আগে অন্তত একটা পাখিকে তার বাসায় ফিরে আসার জন্য অপেক্ষা করতে হবে। এবং তার পর কিছুক্ষণ তা দেওয়ার জন্য সময় দিতে হবে। এ এক কঠিন অভিযান। যদি পাখিরা এদের এই পদ্ধতি অনুসরণ না করে বা তাদের কৃত্রিম বাসাতে আর ফিরে না আসে; কিম্বা নতুন জায়গা এদের পছন্দ না হয়! কত রকমের অনিশ্চয়তা রয়েছে। এটা যেন মানুষ আর পাখির এক অতি স্পর্শকাতর খেলা। তবে সবকিছুর মূলে পিতা-মাতা আর সন্তানের যে অমোঘ টান, সেটাই আসল। এতেই সৃষ্টি, এতেই জয়। তবু ঝুঁকি সবসময়ই থাকে। তাই ঝুঁকি কমানোর জন্য ব্যাকআপ পরিকল্পনা আছে। মিসেস মেলাইকার সঙ্গে এনেছেন ইনকিউবেটর। যদি কোনও ভাবে পরিকল্পনা ব্যর্থ হয়, তবে ইনকিউবেটরে ডিম থেকে বাচ্চা ফুটবে এবং বাচ্চাদের মিন্ডেন অভয়ারণ্যে স্থান হবে।

প্রথমবার ডিম সহ বাসাটাকে সরানো হল। সরানোর সময় পাখিদুটো মাথার উপর দিয়ে কাতর আর্তনাদ করতে লাগল। স্থানান্তরের পর প্রায় সঙ্গে সঙ্গেই একটা পাখি চলে এলো। পাখিটা ওর ডিমগুলোকে ঢেকে বসল। ডিমগুলোকে ফিরে পেয়ে ওদের চিৎকার থেমে গেল। সেদিন আট ধাপে আট মিটার সরাতেই সন্ধ্যে নামল। প্রতিবারেই পাখীরা ওদের বাসায় ফিরে এসেছিল। তবে পাখিদুটোকে বড্ড অসহায় ও ত্রস্ত মনে হচ্ছিল। ওদিনের জন্য অভিযান মুলতবি হল। পরেরদিন সকালে বাকি অভিযান শেষ হল। কিলডিয়ার দুটো তাদের চার সন্তানকে পৃথিবীর আলো দেখানোর সংগ্রামে অটুট থাকল। মিসেস মেলাইকার ও তাঁর সঙ্গীরা তাঁদের ধৈর্য্যের পরীক্ষায় জয়ী হলেন।

দু-এক দিনের মধ্যেই ডিম ফুটে তিনটে বাচ্চা বের হল। পাখি দুটো অপেক্ষা করছে চতুর্থটার জন্য। ইতি মধ্যে বাচ্চা তিনটে উড়তে শুরু করল। মা-বাবা আর ছানাগুলো কিছুক্ষণ ওড়ে। একে অপরের থেকে দূরে চলে যায়। আবার কাছে চলে আসে। একে অপরকে ফিরে পায়। এই লুকোচুরি খেলার মাঝে বাচ্চাগুলো হারিয়ে গেল। ওরা চলে গেল দূরে কোথাও। কে জানে আর কখনও ওরা একত্রিত হবে কিনা। মা ও বাবা পাখি বাসায় ফিরে এলো। না, চতুর্থ ডিমটি তখনও ফোটেনি। আর কত অপেক্ষা করবে ওরা। এমনটি তো হয়না। পাখি দুটো একে অপরকে কিছু বলল। ডিমটাকে ভালভাবে দেখল, ঠোঁট দিয়ে আদর করল। তারপর ওই বাসা ছেড়ে ওরাও কোথায় হারিয়ে গেল। আর দেখা গেল না। সন্ধ্যা নেমে এলো।

আহা, ঠিক পরের দিন ওই ডিম থেকে আর একটা বাচ্চা হল। কিন্তু ততক্ষণে মা-বাবা ওদের ভাইবোন ওই বাসা ছেড়ে কে কোথায় চলে গেছে কে জানে। ছানাটাকে ওয়িনল্যান্ডস বন্যপ্রাণী অভয়ারণ্যে রাখা হল যতক্ষণ না ওরা উড়তে সক্ষম হয়। দিল উজাড় করে দেওয়া এই 'দিল-ডিয়ার' পাখিদুটো কখনো তাদের এই সন্তানের সাথে মিলিত হতে পারবে কি?

বেঁচে থাক বিদ্যাসাগর চিরজীবী হয়ে

(দ্বিশতবর্ষের আলোয় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর)

সংঘমিত্রা চক্রবর্তী

একজন মানুষ বিচার্য হন তাঁর identity বা পরিচিতি দ্বারা। সেই পরিচিতি বা identity তাঁকে দেয় একই সঙ্গে বিশিষ্টতা ও বৈচিত্র্য। বিশেষ করে প্রতিভাশালী মানুষদের ক্ষেত্রে এই identity বা পরিচিতি একমাত্রিক না হয়ে হয় বহুমাত্রিক যা তাঁদের করে তোলে স্বতন্ত্র ও অনন্য।

আমাদের বঙ্গভূমিতে উনবিংশ শতাব্দী এক দিকনির্ণয়কারী শতাব্দী। এটি এক নবজাগরণের যুগ। এই যুগে আমরা পেয়েছি রাজা রামমোহন রায়ের মতো, প্রিন্স দ্বারকানাথ ঠাকুরের মতো বহুমুখী পরিচিতির মানুষদের। রামমোহনের জন্ম ১৭৭২ সালে। দ্বারকানাথ জন্মগ্রহন করেন আর কিছুকাল পরে ১৭৯৪ সালে। রাজা রামমোহন ছিলেন একাধারে সমাজ সংস্কারক, ব্রাহ্ম সমাজের প্রতিষ্ঠাতা, শিক্ষাবিদ। তিনি যেমন কাজ করেছেন সতীদাহ প্রথা বিলোপ সাধনে, বহুবিবাহ, শিশুবিবাহ রোধে তেমনি ১৮১৭ সালে হিন্দু কলেজ স্থাপনেও তাঁর উদ্যোগ ও কম ছিলনা। সংস্কৃত,আরবী,ফারসী ভাষায় সুপণ্ডিত এই ব্যক্তিটি ইংরিজি শিক্ষা করেন বারো বৎসর বয়সে।

প্রিন্স দ্বারকানাথ ঠাকুর ছিলেন ইংরিজিতে যাকে বলে entrepreneur তাই। বাংলায় একে বলা যেতে পারে উদ্যোগপতি। কতরকম ব্যবসা যে তিনি করেছেন! বিখ্যাত জাহাজ কোম্পানি কার এণ্ড টেগোরের কর্নধার ছিলেন তিনি। এই কোম্পানি অবশ্য নীলচাষ, আফিম প্রভৃতি ব্যবসাও দেখতো। আমাদের দেশে প্রথম ব্যাংকও প্রতিষ্ঠা করেন তিনি। ১৮২৯ সালে কলকাতায় তিনি প্রতিষ্ঠা করলেন ইউনিয়ন ব্যাংক অফ্ ইণ্ডিয়া।

আরো একজন ক্ষণজন্মা মানুষের কথা না বললেই নয়। তিনি হেনরি লুই ভিভিয়ান ডিরোজিও। জন্ম ১৮০৯ খ্রীষ্টাব্দে। হিন্দু কলেজের এই তরুণ শিক্ষক ছিলেন প্রখর যুক্তিবাদ ও স্বাধীন চিন্তার প্রবক্তা। তাঁর অনুগামীরা পরিচিত ছিলেন young Bengal নামে।

এটি মনে হওয়া স্বাভাবিক ধান ভানতে শিবের গীতের মতো বিদ্যাসাগরকে নিয়ে কথা বলতে গিয়ে এঁদের প্রসঙ্গ টানা কেন। আসলে প্রতিমার পিছনে যেমন চালচিত্র থাকে এঁরাও সেরকম বহু যত্ন করে রচনা করেছেন ঈশ্বরচন্দ্রের আবির্ভাবের প্রেক্ষাপট। এঁরা হচ্ছেন ইংরিজিতে যাকে বলে pioneer

তাই। এঁরাই পথ নির্মাণ করে যাচ্ছেন এক আলোর পথযাত্রীর জন্য যাঁর হস্তধৃত দীপশলাকায় উদ্ভাসিত হবে শতশত নারীর জীবন, যাঁর সাহিত্যকর্ম আলোচিত হবে দুশো বছর পরেও, যাঁর প্রতিভার ছোঁয়ায় বঙ্গভাষা সমস্ত আড়ষ্টতা ভেঙে সৌন্দর্যমণ্ডিত হবে এবং সেই ভাষা অপেক্ষায় থাকবে আরেক বহু পরিচিতি সমন্বিত অনন্য প্রতিভাশালী ব্যক্তিত্বের জন্য যিনি বাংলাভাষাকে ঐশ্বর্যমণ্ডিত করে তাকে বহন করে নিয়ে যাবেন বিশ্বের দরবারে। তিনি রবীন্দ্রনাথ।

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্ম ১৮২০ সালের ২৬শে সেপ্টেম্বর। এই বছর দুশো বৎসর পূর্ণ করলেন তিনি। তাঁর জীবদ্দশায় নানা খাতে প্রবাহিত হয়েছে তাঁর অনন্য সাধারণ প্রতিভা। তিনি ছিলেন কর্মী পুরুষ। সারা জীবনটাই তিনি ছিলেন লড়াকু। সেই লড়াই তাঁর জারি ছিল সমাজের অন্ধ কুসংস্কারের বিরুদ্ধে। রাজা রামমোহন রায় সতীদাহ প্রথা রদ করে পরবর্তী লড়াই এর ব্যাটনটি সমর্পন করে যান তাঁর পৌরুষদীপ্ত হস্তে। সসম্মানে সেটি গ্রহণ করে বিদ্যাসাগরের দৌড় শুরু হয় বিধবা বিবাহ চালু করার উপায় অন্বেষণে।

ছোটবেলা থেকেই বিদ্যাসাগর বালবিধবাদের দুঃখে বিচলিত। বীরসিংহ গ্রামে বিদ্যাসাগরের খুব বন্ধুত্ব ছিল তাঁর এক খুদে প্রতিবেশী কন্যার সঙ্গে। বালক ঈশ্বরচন্দ্র কলকাতায় পড়তে আসার পর বালিকাটির বিবাহ হয় এবং বিবাহের কয়েক মাসের মধ্যে তার বৈধব্য ঘটে। গরমের ছুটিতে বাড়ি ফিরে বন্ধুর বাড়ি গিয়ে শোনেন ঐ এককোঁটা মেয়ে সারাদিন কিছুই খায়নি, জলটুকুও নয়। কারণ সেদিন একাদশী। বিধবাদের নির্জলা উপবাসের কঠোর অনুশাসনের দিন। বালকের দুচোখ দিয়ে অঝোরধারায় জল নামল। তিনি প্রতিজ্ঞা করলেন–যদি বেঁচে থাকি এদের জন্য যা পারি করবো। বিদ্যাসাগর মশাই তখন তেরো, চোদ্দ বছরের বালক। বিদ্যাসাগর পরবর্তী কালে নিজমুখে এই ঘটনাটি বলে গেছেন তাঁর গ্রামের আর এক ভালবাসার মানুষ শশিভূষণ সিংহকে। জননী ভগবতী দেবীও সবসময় তাঁকে বলতেন এই দুঃখিনী মেয়েদের জন্য কিছু করতে।

তারপর দিনের পর দিন ভেবেছেন বিদ্যাসাগর। পুথিঁর পাতায় পাতায় খুঁজেছেন অক্লান্তভাবে যদি কিছু সমাধান সূত্র বেরোয়। তাঁর সামনে যে পাথরের দেওয়াল সম দাঁড়িয়ে তৎকালীন গোঁড়া, রক্ষনশীল হিন্দুসমাজ। সেটা তো ভাঙতেই হবে। অসীম বুদ্ধিধর মানুষটি জানতেন শাস্ত্রকে খণ্ডন করতে হবে শাস্ত্র নামক শস্ত্র দিয়েই। এই প্রসঙ্গে শিবনাথ শাস্ত্রী লিখেছেন, “তিনি রাত্রে ঘুমাইতে পারিতেননা। তিনি দিন দিন এই চিন্তায় এতদূর নিমগ্ন হইলেন যে, আহার নিদ্রা ভুলিয়া গেলেন। সে সময়ে তাঁহার পরিশ্রম যাঁহারা দেখিয়াছেন তাঁহাদের মুখে শুনিতে পাই যে, তিনি সংস্কৃত কালেজের পুস্তকালয়েতে বাসা করিয়া ফেলিয়াছিলেন। কি প্রাতে, কি মধ্যাহ্নে,কি রাত্রে যখন যাও, দেখিবে বিদ্যাসাগর মহাশয় পুস্তকরাশির মধ্যে নিমগ্ন”। ১৮৫৩ সালের এক রাত্রিকালে বিদ্যাসাগর এক পুঁথির পাতা উল্টোচ্ছিলেন। পুঁথিটির নাম পরাশর সংহিতা। হঠাৎ তাঁর দৃষ্টি আটকে গেল একটি শ্লোকে।

নষ্টে মৃতে প্রব্রজিতে ক্লীবে চ পতিতে পতৌ

পঞ্চস্বাপৎসু নারীণাং পতিরন্যো বিধিয়তে৷

যদি স্বামী নষ্ট হন, মৃত হন, সংসার ত্যাগ করেন, শারীরিক কোনো ত্রুটি থাকে বা সমাজচ্যুত হন তবে নারীর পুর্নবিবাহে শাস্ত্রাধিকার আছে৷ আনন্দে আত্মহারা হয়ে পড়লেন বিদ্যাসাগর৷ সেখানে তখন উপস্থিত ছিলেন তাঁর বন্ধু রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়৷ তিনি পরে বিবৃত করেন ঘটনাটি৷

১৮৫৬ সালের ২৬শে জুলাই বিধবা বিবাহ আইন পাস হয়ে গেল৷ লর্ড ক্যানিং তখন ব্রিটিশ ভারতের গভর্নর জেনারেল৷

প্রথম বিধবা বিবাহ অনুষ্ঠিত হলো ১৮৫৬ সালের ৭ই ডিসেম্বর৷ স্থান বিদ্যাসাগরের বন্ধু রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়ের বাড়ি বারো নম্বর সুকিয়া স্ট্রীট৷ পাত্র ও পাত্রী যথাক্রমে শ্রীশচন্দ্র বিদ্যারত্ন ও কালীমতী দেবী৷ বিদ্যাসাগরের একমাত্র পুত্র নারায়ণ চন্দ্রও বিবাহ করেন এক বিধবাকে বলাবাহুল্য পিতার পূর্ণ সম্মতিক্রমে৷ বিধবা বিবাহের স্বপক্ষে সওয়াল করার জন্য কম শারীরিক বা মানসিক লাঞ্ছনা সহ্য করতে হয়নি তাঁকে৷ কিন্ত সমস্ত বাধার সম্মুখে পর্বত সদৃশ মাথা উঁচু করে দাঁড়িয়েছিলেন ঐ ছোটোখাটো মানুষটি৷ উদ্বিগ্ন পিতাঠাকুর ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায় বীরসিংহ গ্রাম থেকে শ্রীমন্ত নামে এক জেলে সর্দার কে কলকাতা পাঠালেন পুত্রের নিরাপত্তা রক্ষার্থে৷ বাল্যবিবাহ রোধ ও কৌলীন্যপ্রথা রদের জন্যেও ঈশ্বরচন্দ্র যথেষ্ট সক্রিয় ছিলেন৷

বিদ্যাসাগর মনে করতেন তাঁর জীবনের সর্বপ্রধান সৎকর্ম বিধবা বিবাহ প্রবর্তন৷ কিন্ত তাঁর আরো সৎকর্ম রয়েছে যে জন্য মানবজাতি তাঁকে চিরকাল মনে রাখবে৷ সেগুলি হলো তাঁর শিক্ষাবিস্তারের কাজ, সাহিত্যকর্ম, নানাবিধ সংস্কারমূলক কাজ এবং সর্বোপরি দানশীলতা ও পরোপকার প্রবৃত্তি৷ ১৮৯১ সালের ২৪শে অগাস্ট তাঁর মৃত্যুর মাসাধিক কাল পর Indian Nation কাগজ লিখেছিলঃ “Vidyasagar will be remembered for his charity, his educational work, his literary work and his reforming spirit, than for the single legislative measure he succeeded in getting passed.”

যথার্থই বহু পরিচিতির মানুষ ছিলেন তিনি৷

অষ্টাদশ শতাব্দীর শেষের দিকে ও উনবিংশ শতাব্দীর গোড়ার দিকে এদেশে প্রাতিষ্ঠানিক বিদ্যাচর্চার অধিকার একমাত্র পুরুষদের ছিল৷ কিছু কিছু লেখাপড়ার চর্চা চালিয়ে যেতেন বৈষ্ণবীরা৷ অবশ্য কতিপয় অভিজাত পরিবারে যেমন পোস্তার রাজবাড়ির, জোড়াসাঁকো-পাথুরিয়াঘাটার পরিবারের মেয়েরা লেখাপড়া শিখতেন৷ বাইরে থেকে শিক্ষয়িত্রীরা এসে তাঁদের পড়াতেন৷ ‘আলালের ঘরের দুলাল’ বইটির লেখক টেকচাঁদ ঠাকুর যাঁর আসল নাম ছিল প্যারিচাঁদ মিত্র লিখে গেছেন তখন

বালিকা বিদ্যালয় না থাকা সত্ত্বেও তাঁর মা, ঠাকুমা, পিসীমারা লিখতে, পড়তে ও হিসেব রাখতে জানতেন। তিনি ছোটবেলায় তা প্রত্যক্ষ করেছেন। প্যারিচাঁদের জন্ম ১৮১৪ সালে। কিন্ত সে তো এলিট সমাজের গল্প। অধিকাংশ মেয়েরাই ছিল অজ্ঞানতার অন্ধকারে নিমজ্জিত। আর স্বল্পসংখ্যক অপ্রতিরোধ্য কিছু মানবী বিদ্যাচর্চা জারি রাখতেন অন্ধকার হেঁশেলের ধোঁয়ায় বসে। রান্নার সরঞ্জামের তলায় লুকোনো থাকত পুঁথি। তার কারণ পিতৃতান্ত্রিক সমাজের স্পর্ধিত চোখ-রাঙানি- মেয়েরা লিখতে পড়তে শিখলে তা ডেকে আনবে পরিবারের তথা সমাজের ঘোর অমঙ্গল। মূল কথাটি হলো শিক্ষা আনে চেতনা, আনে যুক্তিগ্রাহ্য চিন্তার ক্ষমতা। তৎকালীন পুরুষশাসিত সমাজ চাইত নারীদের চেতনাহীন জড় পদার্থ বানিয়ে রাখতে। রবীন্দ্রনাথ যাঁকে ক্ষুদ্র বনজঙ্গলের মধ্যে থাকা বৃহৎ বনস্পতির সঙ্গে তুলনা করেছিলেন সেই মানুষটি মর্মে মর্মে উপলব্ধি করেছিলেন সমাজের তখনই মঙ্গল হবে, প্রতিটি পরিবার তখনই পাবে কল্যাণের দক্ষিণ হস্তের স্পর্শ যখন নারীসমাজ হবে শিক্ষার আলোয় উদ্ভাসিত। তিনি শুধু সংস্কৃত কলেজের প্রিন্সিপালই ছিলেন না বা ছিলেন না শিক্ষা দপ্তরের একজন বড় সচিব বা মেট্রোপলিটান কলেজের প্রতিষ্ঠাতা। তাঁর আসল পরিচয় তিনি একজন শিক্ষাপ্রেমী। সমাজের সকলস্তরে শিক্ষার আলো ছড়িয়ে দিতে বিদ্যাসাগর ১৮৫৭ সাল থেকে ১৮৫৮ সালের মধ্যে হুগলী, বর্ধমান, মেদিনীপুর ও নদীয়ায় পঁয়ত্রিশটি বালিকা বিদ্যালয় স্থাপন করলেন। গোটা দেশে তখন সিপাহী বিদ্রোহের রণদামামা বাজছে। গভর্নমেন্ট কোনো সাহায্য মঞ্জুর করলো না বিদ্যালয়গুলি চালানোর জন্য। কিন্ত বিদ্যাসাগর নিরস্ত হলেননা। এই বিদ্যালয়গুলি চালানোর জন্য তিনি তৈরী করলেন নারীশিক্ষা প্রতিষ্ঠান ভাণ্ডার। তাতে নিয়মিত চাঁদা দিতে লাগলেন কতিপয় শিক্ষানুরাগী ব্যক্তি। এছাড়া বিদ্যাসাগরের বেতনের সিংহভাগ খরচ হতো এই স্কুলগুলি বাঁচিয়ে রাখার জন্য। পরবর্তীকালে অবশ্য কিছু সরকারী সাহায্য মঞ্জুর হয়েছিল। অবশ্য একথা অনস্বীকার্য অবৈতনিক বালিকা বিদ্যালয় খুলে এদেশে স্ত্রীশিক্ষা বিস্তারের কাজে প্রথম এগিয়ে আসে 'ফিমেল জুভেনাইল সোসাইটি'। এই সোসাইটি প্রথম বালিকা বিদ্যালয় স্থাপন করে ১৮১৯ সালে কলকাতার গৌরীবাড়িতে। এরপর ১৮৪৯ সালে আরেক শিক্ষানুরাগী জন ড্রিংক ওয়াটার বেথুন প্রতিষ্ঠা করলেন হিন্দু ফিমেল স্কুল পরবর্তীকালে যার নাম হয় বেথুন স্কুল। ১৮৫৬ সালে বিদ্যাসাগর এই বিদ্যালয়ের সেক্রেটারী পদে অধিষ্ঠিত হন।

আজ একবিংশ শতাব্দীর বিশটি বছর পার করার পর দেখা যাচ্ছে সর্বধরণের কর্মযজ্ঞে মেয়েরা আজ সামিল। হেঁশেল থেকে মহাকাশ সর্বত্র তাদের অনায়াস গমন। আজকের এই ভয়ঙ্কর কোভিড অতিমারী মোকাবিলাতেও প্রথম সারির যোদ্ধা হিসেবে তারা কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করছে অন্যান্য পুরুষ সহযোদ্ধাদের সঙ্গে। এই অর্ধেক আকাশ জয়ের প্রথম পদক্ষেপ কিন্ত অনেককাল আগে গড়ে দিয়েছিলেন বীরসিংহ গ্রামের ঐ একরোখা মানুষটি।

চলমানতাই ভাষাকে দেয় পূর্ণতা। গ্রহীষ্ণুতা ভাষাকে করে তোলে সজীব।বিদ্যাসাগর সেই সজীবতা, পূর্ণতা প্রদান করলেন বঙ্গভাষাকে। রবীন্দ্রনাথ বলেছেন, "ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর বাংলার সাহিত্যভাষার সিংহদ্বার উদঘাটন করেছিলেন। তার পূর্ব থেকেই এই তীর্থাভিমুখে পথখননের জন্য বাঙালির মনে আহ্বান এসেছিল এবং তৎকালীন অনেকেই নানা দিক থেকে সে আহ্বান স্বীকার করে নিয়েছিলেন। তাঁদের অসম্পূর্ণ চেষ্টা বিদ্যাসাগরের সাধনায় পূর্ণতার রূপ ধরেছে।"

ঈশ্বরচন্দ্রের আগে যাঁরা বাংলা গদ্যের চর্চা করেছিলেন তাঁদের মধ্যে অন্যতম ছিলেন রামরাম বসু, মৃত্যুঞ্জয় বিদ্যালংকার,রাজা রামমোহন রায় প্রমুখ। ভাষাবিদদের মতে তাঁদের গদ্য ছন্দে যেটা অনুভূত হয় তা হলো যতি স্থাপনের অভাব। কিন্ত ভাষার প্রাণ যতি স্থাপনের বৈচিত্রে, তা গদ্যই হোক কি পদ্য। প্রমথনাথ বিশী লিখেছেন, "বিদ্যাসাগরের পূর্ববর্তী গদ্যলেখকগণ সজ্ঞানে যতি স্থাপনের নিয়ম অনুসরণ করেন নাই- আঁচে আন্দাজে বা অন্যভাবে চলিয়াছেন, কখনো কখনো তীর লক্ষ্যভেদ করিয়াছে, অধিকাংশ সময়ই করে নাই। বিদ্যাসাগর প্রথম সজ্ঞানে শিল্পবুদ্ধি প্রণোদিত হইয়া নিয়মটিকে অনুসরণ করিয়াছেন, তাই তাঁহার পক্ষে কমা, সেমিকোলন প্রভৃতির ব্যবহার অপরিহার্য ছিল। কেবল পূর্ণচ্ছেদে তিনি সন্তুষ্ট হন নাই।"

বিদ্যাসাগর মূলত লেখনী ধারণ করেন শিশুপাঠ্য পুস্তকের অভাব পূরণের উদ্দেশ্যে। কিন্ত তাঁর কলম তাঁর practical উদ্দেশ্যকে অতিক্রম করে বাংলা গদ্যের স্থায়ী নির্ভরযোগ্য একটি বনেদ গড়ে তুলল। তাঁর রচিত কথামালা, বোধোদয়, আখ্যানমঞ্জরী শিশুপাঠের তকমা ছাড়িয়ে ক্লাসিকের মর্যাদা পাচ্ছে এখন।

বর্ণপরিচয় প্রথম ও দ্বিতীয়ভাগ বিদ্যাসাগর মশাই লেখেন ১৮৫৫ সালে। এই বইটির মধ্য দিয়ে তিনি শিশুদের শুধু অক্ষরজ্ঞান ও বানান প্রকরণই শেখাননি। তাদের গল্প শোনার কানও তৈরী করে দিয়েছিলেন। ভাল সাহিত্য আমাদের কল্পনা করতে শেখায়। গোপাল, রাখাল যাদব প্রভৃতি বালকের দলের গল্প বলে শিশুর কল্পনার দৃষ্টিকে উন্মোচিত করলেন বিদ্যাসাগর। কত সহজসুরে অত্যন্ত চেনা জিনিষের কথা বলে বর্ণপরিচয় প্রথমভাগে শিশুদের অক্ষর চিনিয়েছেন তিনি। 'অ' চেনাতে গিয়ে বলেছেন অজগরের কথা। 'আ' দিয়ে চেনালেন আনারস। 'ক' বলতে ভেসে এল কোকিলের মধুর তান। আর 'খ'তে দৌড়ে এল খরগোশ। শিশুর অক্ষর চেনার সঙ্গে জড়িয়ে গেল তার কৌতূহল আর আনন্দ যা যেকোনো পাঠের প্রাণ। এরপরের পাঠে শিশু শিখল বড়গাছ, লালফুল, জল পড়ে, মেঘ ডাকে, গরু চরিতেছে, পাখী উড়িতেছে, ফল ফলিতেছে। সে হয়ে উঠল তার প্রতিবেশ ও পরিবেশের সঙ্গে পরিচিত।

বর্ণপরিচয় দ্বিতীয়ভাগে এল যুক্তাক্ষরের সমাহার- ঐক্য,বাক্য,মাণিক্য। বর্ণ শেখা হয়ে গেলে বিদ্যাসাগর মশাই এবার বাচ্চাদের দিতে লাগলেন মনুষ্যত্বের পাঠ। পরিশ্রম না করা অন্যায়, মিথ্যা

কথা বলা অনুচিত, কদাচ চুরি করা উচিৎ নয়। এই বোধগুলি তিনি জাগ্রত করতে চাইলেন শিশুমনে। এই বোধের পরিনতি পাওয়া গেল বর্ণপরিচয় দ্বিতীয়ভাগের শেষদিকে ভুবন ও তার মাসীকে নিয়ে গল্পে। চুরি করা থেকে ভুবনকে বিরত না করে ভুবনকে ভুল শিক্ষা দিয়েছিলেন ভুবনের মাসী। ভুবনকে সেইজন্য শাস্তি পেতে হলো। ভুবনও শাস্তি দিল মাসীকে তাঁর কান কামড়ে দিয়ে। শিশুমন সচেতন বিদ্যাসাগর বুঝেছিলেন এই আখ্যানটি শিশুমনে গভীর রেখাপাত করবে। এখানেই বিদ্যাসাগরের অনন্যতা, বর্নপরিচয়ের অনন্যতা।

বিদ্যাসাগর বাংলাভাষায় সংস্কৃত ব্যাকরণের বই লিখলেন ব্যাকরণ কৌমুদী। আরো লিখলেন সীতার বনবাস, শকুন্তলা, বেতাল পঞ্চবিংশতি, জীবনচরিতের মতো কালোত্তীর্ণ রচনা। শেক্সপীয়ারের নাটক কমেডি অফ্ এরর্স এর পুরো দেশজ রূপ দিলেন তিনি। **নাম রাখলেন ভ্রান্তিবিলাস।** অনুবাদে স্বাধীনতা নেওয়ার পক্ষে ছিলেন বিদ্যাসাগর। আক্ষরিক অনুবাদ মন স্পর্শ করেনা।

বিদ্যাসাগরের অতুলনীয় গদ্যকীর্তির নমুনা পাই তাঁর সীতার বনবাস রচনায়। “লক্ষণ বলিলেন, আর্যে! এই সেই জনস্থান মধ্যবর্তী প্রস্রবন গিরি। এই গিরির শিখরদেশ সততসঞ্চারমান জলধরমণ্ডলীর যোগে নিরন্তর নিবিড় নিলীমায় অলংকৃত। অধিত্যকা প্রদেশ ঘনসন্নিবিষ্ট বিবিধ বনপাদসমূহে আচ্ছন্ন থাকাতে সতত স্নিগ্ধ, শীতল ও রমনীয়, পাদদেশে প্রসন্ন সলিলা গোদাবরী তরঙ্গ বিস্তার করিয়া প্রবলবেগে গমন করিতেছে।”

পড়ার পরে অনেকক্ষণ ধরে যেন মনের মধ্যে ঝংকৃত হয়, অনুরণিত হয় ভাষার দ্রিমিদ্রিমি রব।

সংস্কৃতে একটি কথা আছে- গুণীঃ গুণং বেত্তি। ন বেত্তি নির্গুণঃ। গুণীই একমাত্র পারেন প্রকৃত গুণীর কদর করতে। বাংলাভাষার পরম সাধক রবীন্দ্রনাথ বিদ্যাসাগরের গদ্যরীতি নিয়ে যা বলেছেন তার তুল্য বুঝিবা আর কিছুই হয়না। “বিদ্যাসাগর বাংলাভাষার প্রথম যথার্থ শিল্পী ছিলেন। তৎপূর্বে বাংলা গদ্যসাহিত্যের সূচনা হইয়াছিল, কিন্ত তিনিই সর্বপ্রথম বাংলা গদ্যে কলানৈপুণ্যের অবতারণা করেন।.....তিনি দেখাইয়া ছিলেন যে যতটুকু বক্তব্য তাহা সরল করিয়া, সুন্দর করিয়া এবং সুশৃংখল করিয়া ব্যক্ত করিতে হইবে..... সৈন্যদের দ্বারা যুদ্ধ সম্ভব, কেবলমাত্র জনতার দ্বারা নহে, জনতা নিজেকেই নিজে খণ্ডিত, প্রতিহত করিতে থাকে, তাহাকে চালনা করাই কঠিন। বিদ্যাসাগর বাংলাভাষার উচ্ছৃঙখল জনতাকে সুবিভক্ত, সুবিন্যস্ত, সুপরিচ্ছন্ন এবং সুসংযত করিয়া তাহাকে সহজ গতি ও কর্মকুশলতা দান করিয়াছেন। এখন তাহার অনেক সেনাপতি ভাবপ্রকাশের কঠিন বাধাসকল প্রতিহত করিয়া সাহিত্যের নবনব ক্ষেত্র আবিষ্কার ও অধিকার করিয়া লইতে পারেন। কিন্ত যিনি এই সেনানীর রচনাকর্তা যুদ্ধজয়ের যশোভাগ সর্বপ্রথমে তাঁহাকেই দিতে হয়।”

বিদ্যাসাগরের পরোপকার,দানশীলতা, দয়াধর্ম একটি মিথের পর্যায়ে চলে গেছে। ওঁর কাছে সাহায্য প্রাপকদের নাম সম্বলিত একটি লম্বা তালিকা ছিল। প্রতিমাসের প্রথমে অর্থ পৌঁছে যেত প্রাপকদের

কাছে। বিদ্যাসাগর জীবনের শেষপর্যায়ে অনেকটা সময় কাটাতেন কারমার্টঁড়ে। সেখানকার সাঁওতালদের সঙ্গে ভারী ভাব হয়ে গেল তাঁর। বড্ড গরীব ওরা। যখন ওখানে যেতেন হাত ভরে জিনিষ নিয়ে যেতেন ওদের জন্য। কাপড়-চোপড়, ওষুধ-বিষুধ, চাল-ডাল, থালা-বাটি সব। কারোর অসুখ করলো তো হোমিওপ্যাথির বাক্স নিয়ে ছুটলেন তার বাড়ি। যখনি পয়সার দরকার হতো সাঁওতালেরা ভুট্টা বেচতে আসত তাঁর কাছে। বিদ্যাসাগরের তাক ভরে উঠলো ভুট্টায়। আবার খাবার না থাকলে আবদার জুড়তো তাঁর কাছে, 'বিদ্যেসাগর, খেতে দে।' এতটাই আপন মনে করতো তাঁকে। দেখতে দেখতে বাড়ির সামনের উঠোন ভরে উঠতো সাঁওতালে। বিদ্যাসাগর তাক খালি করে ভুট্টা দিচ্ছেন আর ওরা কাঠকুটো জ্বালিয়ে মহানন্দে ভুট্টা সেঁকে খাচ্ছে। খাওয়া শেষ হলে একগাল হেসে বলছে , 'খুব খাইয়েছিস, বিদ্যেসাগর।' ঘটনাটি প্রত্যক্ষ করেছেন হরপ্রসাদ শাস্ত্রী। সাধে কি আর মাইকেল মধুসূদন দত্ত বলেছেন- He has the genius and wisdom of an ancient sage, energy of an Englishman and the heart of a Bengali mother.

প্যারিসে স্ত্রী পুত্রকন্যা নিয়ে থাকাকালীন চরম দুর্দশাগ্রস্ত মাইকেল মধুসূদন দত্তকে বিদ্যাসাগরের অর্থসাহায্য প্রেরণের গল্প তো ভুবনবিদিত। নিজের কাছে অত টাকা ছিলনা। ধার করে টাকা পাঠালেন মাইকেলকে। যতদিন বেঁচে ছিলেন মধুসূদন অদ্ভুত এক শ্রদ্ধাপূর্ণ ভালবাসায় জড়িয়ে ছিলেন বিদ্যাসাগরের সঙ্গে। প্যারিসের এক দোকানে মধুসূদনের চোখে পড়ল বিদ্যাসাগরের বই। আনন্দে উদ্বেল মধুকবি। তাঁর উচ্ছ্বাস দেখে দোকানির প্রশ্ন- উনি কি বেঁচে নেই? মাইকেলের দৃপ্ত উত্তর - "God forbid, said I - His country and friends cannot spare him." বিদ্যাসাগরকে চিঠিতে জানালেন একথা। তখন ১৮৬৪ সাল। তারপর যুগপৎ গঙ্গা আর প্যারিসের সিন নদী দিয়ে অনেক জল বয়ে গেছে। কিন্ত এখনো কি আমাদের দেশ বিদ্যাসাগরকে spare করতে পারে?

যুক্তিবাদী, বিজ্ঞানমনস্ক, মানবতাবাদী, করুণাসাগর বিদ্যাসাগরের দ্বিশত বর্ষ সর্ম্পূণতার মহালগ্নে মনে আসছে রবীন্দ্রনাথের 'চারিত্রপূজার' অর্ন্তগত 'বিদ্যাসাগর চরিত' রচনাটির কথা। কি অমোঘ বাণী উৎসারিত হয়েছিল কবির লেখনী দিয়ে–

"মাঝে মাঝে বিধাতার নিয়মের এরূপ আশ্চর্য ব্যতিক্রম হয় কেন, বিশ্বকর্মা যেখানে চারকোটি বাঙালি নির্মাণ করিতেছিলেন সেখানে দু একজন মানুষ গড়িয়া বসেন কেন, তাহা বলা কঠিন। কি নিয়মে বড়োলোকের অভ্যুত্থান হয় তাহা সকল দেশেই রহস্যময়- আমাদের এই ক্ষুদ্রকর্মা ভীরু হৃদয়ের দেশে সে রহস্য দ্বিগুণতর দুর্ভেদ্য। বিদ্যাসাগরের চরিত্র সৃষ্টিও রহস্যাবৃত। কিন্ত ইহা দেখা যায় সে চরিত্রের ছাঁচ ছিল ভালো।"

আমরা অতি ক্ষুদ্র মাপের মানুষ। এই হিমালয় সদৃশ মানুষটির দিকে অনেকটা নিম্নভূমি থেকে ঘাড় উঁচু করে তাকিয়ে এই বলে শ্রদ্ধা নিবেদন করি যা ব্রিটিশ কবি ম্যাথু আর্নল্ড তাঁর Shakespeare কবিতায় মহাকবি শেক্সপিয়ার কে উদ্দেশ্য করে বলেছিলেন–

Others abide our question. Thou art free.

We ask and ask - Thou smilest and art still,

Out-topping knowledge. For the loftiest hill,

Who to the stars uncrowns his majesty.

তথ্যসূত্র: জীবনচরিত–ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর

বিদ্যাসাগর রচনাসম্ভার- ভূমিকা -প্রমথনাথ বিশী

করুণা সাগর বিদ্যাসাগর–ইন্দ্রমিত্র

বিদ্যাসাগর ও বর্ণপরিচয়–রবিবারের পাতা, গণশক্তি

যখন বৃষ্টি আসে

অনিন্দ্য গাঙ্গুলী

যতই ডাকুক কাশের ক্ষেত
ধোঁয়া ওঠা সেই রেলের গাড়ি
অপু কিছুতেই যাবে না আর
ওদের সাথে অপুর আড়ি

বৃষ্টিরা ঠিক আসেই আসে
সব কিছু যেন কেড়ে নিয়ে যায়
মনে করে তাই ছাতা নেয় অপু

-একলাই এখন চুল আঁচড়ায়

দিদিরা কখনো চুরি করে না
পেয়ারা কিম্বা তেঁতুল আচার
সবার আড়ালে লুকিয়ে ঠিক
ফেলে দেবে অপু পুঁতির হার

কার-ই বা পুতুল করবে চুরি
কার উপরে সে খাটাবে জোর
কি করে এখন সাজবে অপু
কি করে হবে রাজপুত্তুর

সবাই কেমন ছেড়ে চলে যায়
দুঃখ কেন যায় না দূর
শুধু আমাদের ছোট্ট অপু
ছেড়ে চলে যায় নিশ্চিন্দিপুর।

এখনকার যত যা তা গল্প

আদিত্য চক্রবর্তী

আজ একেবারে সব সত্যি কথা বলছি এবং বলবো। দেখে নেবেন ঠিক বলছি কিনা মিলিয়ে! অবশ্য মেলাবেন কোথা থেকে - আর সবাই বাকিরা তো সত্যি কথা বলছে না। অবশ্য অঘটন তো আজও ঘটে তাই হলফ্ করে কিছু বলতে পারব না আর বলবও না। আমাদের পুজোর নাটকে ভুল করে একজন তো বলেই ফেলেছিল "পাপের জয় আর পুণ্যের পরাজয়"। যাইহোক, আমার সেই সত্যের কড়চা না হয় এবার খুলেই বসি। আশাকরি আপনাদের কোনও আপত্তি নেই তাতে। পলাশীর সেই রক্তাক্ত যুদ্ধের ব্যাপার যেরকম আমরা সবাই জানতে পেরেছি যুদ্ধ মিটে যাওয়ার পর। আর আমার এইসব সত্যি আখ্যান আপনারাতো লেখা হয়ে যাবার পরেই পড়ার সুযোগ পাবেন। সুতরাং আমার কোনো চিন্তা নেই। আপনাদের কিছুই করারও থাকবেনা তখন। না,না অনেক দেরি হয়ে যাচ্ছে এবার! সত্যি সত্যিই শুরু করছি আমার সেইসব সত্যি গল্পের ব্যাখ্যান। আপনারা তো নিশ্চয়ই শুনেছেন হোয়াটসঅ্যাপ অ্যাপ্লিকেশন এর নাম। খুবই মজার জিনিষ এটা! বিনা পয়সায় ফোন করা যায়, ভিডিও করা যায় আর চ্যাটও করা যায়। আর তা ছাড়া আরোও কতো কিছু করা যায়।

মানে একেবারেই বিনা পয়সায় গাঁটের এক পয়সা না খসিয়েই কথা বলুন। সুতরাং দেশে মানে ভারতে ফোন করতে, প্রিয়জনদের সঙ্গে কথা বলতে আর কোনোও বাধা নেই। যখন তখন, যেখানে সেখানে, পাটনা থেকে পাটলিপুত্র, কলকাতা থেকে কালিকট, ভূপাল থেকে মহিপাল। অবশ্য মহিপাল বলে কোন জায়গা থাকলে তবেই অবশ্য। কোন ঠিক-ঠিকানা নেই, যখন-তখন, যেখানে সেখানে, যেকোনোও সময় কল করি। কলকাতায় কল করলে অবশ্যই সময়ের জ্ঞান থাকতে হবে। সকাল বিকেল এর পার্থক্য তো আছেই। আর যাকে কল করছেন সে তখন কি করতে পারে তার জ্ঞান থাকাও খুবই জরুরী। এবারে এসবের আর নাইবা বিস্তার করলাম। এখন হোয়াটসঅ্যাপ কল করে জানতে পেরেছি যে কলকাতার টেলিভিশনে সব সময় নাকি একটার পর একটা বাংলা সিরিয়ালস্ হয়ে যায়। তার আদি নেই, অন্ত নেই। অবশ্যই কলকাতার সবাই সবকিছুই দেখে। কোনটাই নাকি ছাড়া যাবেনা। কোনটায় কোর্ট সিন হচ্ছে, আর কোনোওটাতে গোয়েন্দা খুনিকে প্রায় ধরে ফেলেছে। কিন্তু না, খুনি ধরা দেবেনা কোনদিনও, আর কোর্ট সিন এর নিষ্পত্তিও হবে না। কেননা বাংলা সিরিয়াল তো চলতেই থাকবে যুগযুগান্তর ধরে! তার আদি নেই, অন্ত নেই। একেবারে আত্মার মত। ইহাকে খন্ডিত করিতে পারিবে না, কাটিতে পারিবেনার মতন ব্যাপার। মানে খুবই সাংঘাতিক এবং মর্মান্তিক তো বটেই।

আগেই তো বলেছি যখন তখন whatsapp-এ ফোন করি এবং ফোন ধরি। মাঝে মাঝে তো মনে হয় এই হোয়াটসঅ্যাপই আমার জীবন, এই করোনাভাইরাস এর দৌলতে বাড়িতে বসে থেকে।

আর যখনই দেশে ফোন করি তখনই জানতে পারি এখন সময়টা ঠিক নয়, কোনও এক বাংলা সিরিয়াল চলছে নাকি তখন। খুবই নাকি ইন্টারেস্টিং। মানে ফোনে কথা বলা যাবে না ওই সময়ে। আগে যখন গাঁটের পয়সা দিয়ে ফোন করতে হত তখন দেশের লোক খাদ লাফিয়ে, গঙ্গা পেরিয়ে, হিমালয় ঝাঁপিয়ে সেই ফোন ধরার জন্য আকুলি-বিকুলি করে চলে আসতো। আর এখন সবই আমার কপাল। সত্যই সময় খারাপ, খুবই গুরুতর। এই তো সেদিন খুবই আশা করে, দিনক্ষণ দেখে, সময় মিলিয়ে হোয়াটসঅ্যাপ করলাম। আমার শ্যালিকা ধরল সেই ফোন আর বলে উঠল, এখানে আকাশ নীল। আমি একটু হতবাক্ হয়ে বলি তো তাতে কি হয়েছে। এখানেও তো আকাশ নীল! মাঝে মধ্যে অবশ্যই কালো অথবা লাল টুকটুকে হয়ে যায়। শ্যালিকা হেসে গড়িয়ে গেল। আরে "এখানে আকাশ নীল" তো একটা বাংলা সিরিয়াল। তারপরেই বলে আচ্ছা "প্রথমা কাদম্বিনী" দেখেছো? আমি যাকে বলে হতচকিত্। না, না ওই সিরিয়ালটা মিস করেছি, কবে দ্বিতীয়া কাদম্বিনী, তৃতীয়া কাদম্বিনী হবে জানিও! ঠিক বলছি নিশ্চয়ই দেখব। তাও শ্যালিকাকে শুধোলাম, এই প্রথমা কাদম্বিনী, দ্বিতীয়া কাদম্বিনী, তৃতীয়া কাদম্বিনী ইত্যাদি ইত্যাদি কি হিন্দি সিনেমার Don 1, Don 2 আর Don 3 র মতো নাকি? কোন উত্তর পেলাম না অপরপ্রান্ত থেকে। কেবল একটা ব্যঙ্গ হাসি শুনলাম। আর এক দিনের ঘটনা। সেই whatsapp- এ ফোন করেছি। যথারীতি শ্যালিকা ধরল। প্রথমে কিছুই বলে না। একেবারে মৌনব্রত ধরেছে। তারপর কিছুক্ষণ থেমে বলে, কি করে বলবো তোমায়। তার মানে, তার মানে? আমি বেশ ঘাবড়ে গেলাম। এ আবার কি গন্ডগোল রে বাবা! কি এমন কথা যে বলা যাবে না। মনের কিছু গুপ্ত কথা নয় তো? আমি ভাবতে লাগলাম। তখন আমার শ্যালিকা আবার বলে উঠল, জানিনা বলব কিনা। কে আপন আর কে পর। আমি খুবই প্রতিবাদ করলাম। না, না আমি তো খুবই আপন জন, নিজের কাছের লোক। কিন্তু ততক্ষণে হোয়াটসঅ্যাপ ডিসকানেক্ট করে দিয়েছে আমার শ্যালিকা। আপনাদের তো আগেই বলেছি যে বাংলা সিরিয়াল এর দৌলতে ফোন করাই দায় হয়েছে। কখনো "এখানে আকাশ নীল", তারপরেই "কে আপন কে পর", "কি করে বলবো তোমায়", "প্রথমা কাদম্বিনী" ছাড়াও রয়েছে অসংখ্য অন্য সিরিয়ালস্ যেমন "আলোছায়া", "শ্রীময়ী", "মোহর", "খড়-কুটো", আরোও কত কি। সব কটা জানতে হলে চলন্তিকাই ঘাঁটতে হবে এই বলে দিচ্ছি আমি।

আমি ছোটবেলায় বরাবর খুবই হাসিখুশি ছিলাম। মুখটা হাসি হাসি বলে বড় বয়সেও আমাকে হাসমুখা বলে সবাই জানতো। কিন্তু এখন এই করোনাভাইরাস্ এর দৌলতে সেই হাসি হাসি মুখে আর হাসি নেই। চমক লেগে গেছে মানে - একবারে চমক মুখে পরিণত হয়েছে। তাই হাসমুখা থেকে চমকমুখা হয়ে গেছি। আর এসব কারণেই অন্য সবাইরা এবং আমিও হাসতে ভুলে গেছি। সেই যে ছোটবেলায় শোনা বিখ্যাত ছড়া -

রামগরুড়ের ছানা,

হাসতে তাদের মানা।

হাসির কথা শুনলে বলে,

হাসবো না না না না!

কেউ মুখ খুলে হাসতেই চায় না। কেমন যেন সবাই হাঁড়ি মুখ। আমি তো বরাবরই জানি আমাদের শিরা উপশিরা দিয়ে লাল রক্ত প্রবাহিত হয়। আর সেই সুদূর ইংল্যান্ডের রাজা এবং রাণী্র পরিবারের সদস্যদের শিরা-উপশিরা দিয়ে কিনা নীল রক্ত, তারমানে Blue Blood প্রবাহিত হয়। খুব ভালো কথা। কিন্তু এই সেদিন শুনলাম পাশের এক বিরাট দেশের রাষ্ট্রপতির ধমনী দিয়ে নাকি disinfectant প্রবাহ করছে। সেটা যে কি বস্তু বা তার রঙ্গই বা কি, আমার সেটা জানা নেই। বাঙালি অবশ্য করোনা কে ভয় পায় না। তার কারণ ছোটবেলা থেকেই তো আমরা শুনে আসছি মাসি, পিসি, বাবা, মা, মামা সবার কাছ থেকেই "কোরোনা কোরোনা কোরোনা"। এটা কোরোনা, ওটা কোরোনা, এটা করতে নেই, ওটা করতে নেই। সুতরাং শুনে শুনে অভ্যাসে দাঁড়িয়ে গেছে। করোনার সঙ্গে যুদ্ধ করতে এবং সেটাকে জিততে বাঙ্গালী পিছিয়ে নেই।

সেদিন সকাল বেলায় জগাদার বাড়ি গেছি আড্ডা মারতে। গিয়ে দেখি জগাদা সেজেগুজে বেরোনোর জন্য তৈরি হচ্ছে। কোথায় চললে গো জগাদা হেসে বলে উঠলাম। জগাদা বাড়িতে না থাকলে তো চা-টা ও জুটবে না বুঝতে পেরেছি এতদিনে। জগাদা কিছু বলার আগেই জবাবে জগাবৌদি বলল, ভাই তোমার জগাদা একটু যাচ্ছে করোনা টেস্ট করাতে। দেখলাম তখন কপালে দই চন্দনের ফোটা কিন্তু মুখটা একটু ভয়ভীত জগাদার। জগাদাকে সাহস্ দেওয়ার জন্যই জোর গলায় বললাম, একেবারে রাষ্ট্রভাষা এবং রাণীর ভাষা মিলিয়ে - বিলকুল ঘাবড়াও নেহী জগাদা, be positive.

আর তারপরেই হতচ্ছাড়া, উজবুক, পচা ইঁদূর, দেখাচ্ছি মজা তোকে। বলেই ঝাড়ু হাতে তাড়া করে এল আমার দিকে জগাবৌদি। তোর একদিন কি আমার একদিন বলে হারে রে রে রে করে তাড়া করল আমাকে। সেই থেকেই পালিয়ে পালিয়ে বেড়াচ্ছি। ওবাড়ীর দিকে আর হইনি। আর পরে জেনেছিলাম জগাদা ঠিকই ছিল কোন করোনা টরোনা কিছু হয়নি কেবল টেস্ট করাতে গিয়েছিল।

কথায় বলে কোনও গল্পের শেষ হয় না যতক্ষণ না গল্পের গরু গাছে ওঠে। এটাতো হলো গল্পের ব্যাপার-স্যাপার। আর কোনও মজার গল্পের শেষ হয় না যতক্ষণ না মদ্যপ বা মদ্যপানের জায়গাকে আনা যায় গল্পে। মানে নেশার ব্যাপার। গুরুদেবই তো লিখে গেছেন -

অভয় দাও তো বলি,

আমার wish কী।

একটি ছটাক্ সোডার জলে,

পাকি তিন পোয়া whiskey!

সুতরাং গুরুদেব যদি আনতে পারে মদ, মাতাল তো আমিই বা কেন মদ মাতাল ইত্যাদি এদের আনতে পারব না গল্পে। যাই হোক একটা ছোট্ট গল্প বলি আগে। সারমেয় ঘঠিত কান্ড! একবার একজনের কুকুর রাস্তায় বেরিয়ে হঠাৎই একটা গাড়ির সঙ্গে ধাক্কা খায়। কুকুরটা তাতে খুবই মনমরা হয়ে পড়ল। তখন কুকুর এর মালিক তাকে বাড়িতে নিয়ে গিয়ে বিছানায় শুইয়ে দিল, ভাবল একটু পরেই নিশ্চয়ই ঠিক হয়ে যাবে। আর মনমরা হয়ে থাকবে না। কিন্তু অনেকক্ষণ পরেও কুকুরটা মনমরা হয়েই শুয়ে থাকল। লজ্জা হয়েছে শেষে কিনা! সামান্য একটা গাড়ির ধাক্কা খেলো সেইজন্যই! ভদ্রলোক নিজের খোরাক থেকে চামচে করে খাইয়ে দিল দুই আউন্স হুইস্কি। সেকেন্ডের মধ্যেই আবার রাস্তায় ছুটে গেল আরো চাঙ্গা হয়ে কুকুরটা। তাড়া করতে শুরু করল সব গাড়িকেই প্রচন্ড উৎসাহ নিয়ে।

এটা তো হল কুকুরের গল্প। এবার শুনুন মানুষের কাণ্ডকারখানা। মাতালের গল্প এটা। একবার একজন একটা পাবে (Pub) এ খুবই মনমরা হয়ে বসে আছে। মুখে হাসি নেই কোথাও। মায়া হলো আমার দেখে। জিজ্ঞাসা করলাম ভাই কি হয়েছে তোমার, সব ঠিক তো? ও বলল, না বন্ধু, ব্যাপার খুবই সাংঘাতিক। গতকাল রাতে এক বোতল হুইস্কির বিনিময়ে আমার বউকে বেচে দিয়েছি। ও সেই জন্যেই কি আজ তোমার খুবই অনুশোচনা হচ্ছে বন্ধু? না, না ঠিক তা নয়। ভাবছি আজ তো আর বউ নেই, তাহলে আজ হুইস্কি কি বেচে খাব?

আরেক মাতালের কাহিনী। সেও খুব মনমরা হয়ে গম্ভীরমুখে পাবে বসে একটু একটু করে চুমুক দিচ্ছে হুইস্কিতে। মুখে খুবই দুঃখের ছাপ। দেখে খারাপ লাগলো। গিয়ে জিজ্ঞেস করলাম প্রবলেমটা কি তোমার? বলল আমার বউয়ের সঙ্গে খুব গোলমাল চলছে আর বউ বলেছে আমার সঙ্গে তিরিশ দিন আর কোনও কথাই বলবে না। তো আমি বললাম তাহলে তো তোমার ভালই হয়েছে। তিরিশ দিনের জন্য একেবারে শান্তি বাড়িতে! হ্যাঁ, ভালোই তো ছিল খুবই। কিন্তু, কিন্তু বলতে বলতেই লোকটা কেদেঁ ফেলল আর বলল, আজই সেই তিরিশ দিনের শেষ দিন! কপাল আমার!

উপরের দুটো গল্পই বউকে নিয়ে। সুতরাং আরেক বউ ঘটিত ব্যাপার স্যাপার দিয়েই আজ শেষ করছি। কোথায় যেন পড়েছি বা নিজের জীবনের অভিজ্ঞতা থেকেই বলছি তা অবশ্যই হলফ করে কিছু বলতে পারছি না এখনি। অর্থাৎ যতক্ষণ না আমার নিজের একমাত্র বউ এই গল্পটা পড়ছে।

তখন কি হবে আমার তা জানা নেই। একবার এক বাবা তার চার বছরের ছেলেকে নিয়ে মাঠে বেড়াতে গেছে। হঠাৎই এই ছেলেটা একটা অদ্ভুত জন্তু দেখতে পেলো মাঠে। বাবা, বাবা, ও বাবা, ওটা কি? বাবা বলল ওটা একটা গাধা। ছেলের কৌতূহল আর মেটে না। আর ওই, ওই গাধাটার পিছনে ওটা কি? ওটা ঐ গাধাটার বউ বলল ওর বাবা! আচ্ছা বাবা, গাধারাও বিয়ে করে তাহলে? বাবা বলল, হ্যাঁ, গাধারাই বিয়ে করে কেবল। জানিনা সেই বাবার সেদিন বাড়ী ফিরে গিয়ে কি পরিণতি হয়েছিল। জানা যায়নি বা জানতে পারিনি আমি।

চেয়ে দেখি

ডক্টর ঝর্ণা চ্যাটার্জী

বহু দূরে মহা শূন্য থেকে
মহা কালসিন্ধু পারে বসে
চেয়ে চেয়ে দেখি এই বিশ্ব চিরন্তন
পলে পলে সূর্য তারা ধূমকেতু
ছুটে চলে ঘন কালো নীল কক্ষপথে
গ্রহ-শিশু খেলে, সারা অংগে আলো মেখে
এরই মাঝে অতি ক্ষুদ্র অপূর্ব গোলক
প্রাণ ভরা, শ্যামল সুন্দর, রৌদ্র উলসিত
সমুদ্র তরঙ্গ সেথা নাচে-গায় অতন্দ্র নিশায়
তিমি মাছ সুর তোলে গহন অতলে

বৃষ্টি ঝরে, বায়ু আনে শ্বাস
তুষারকিরীটী শৃঙ্গ এনে দেয় সুধা-বারি
প্রার্থনার ডাক তোলে মন্দির মসজিদ গীর্জা সবে
ব্যাকুল ভাষায় - একই রবে
আবার মিলায়ে যায় মুহূর্তের খেলা
কে-বা বড়, কে-বা ছোট, ভাল মন্দ কে-বা
কোথা ভুল কোথা ঠিক, অব্যক্ত বেদনা
কার কাছে কত আছে - বুদ্ধি বিত্ত শোভা
নাম যশ রত্ন মণি সোনা - কত অহঙ্কার আর কত অভিমান
সব কিছু ছায়া হয়ে ছায়াপথে ক্ষুদ্র ক্ষুদ্র কণা
মিলায় আবার -
নূতন আসর বসে, নূতন সৃজনে
কলরব কোলাহল নূতন সংগীত
অনন্তের চক্র সভাতলে।

চিরন্তন

ডক্টর ঝর্ণা চ্যাটার্জী

দার্শনিকদের মতে আত্মা নশ্বর নয়

আকার, আকৃতি আর রূপের রূপকথা ছাড়িয়ে

তার অস্তিত্ব চিরকালের, চির-অক্ষয়

মহাভারতে ধ্বংসের মহাক্ষেত্রে এই ছিল পরম সান্ত্বনা
শরীর সত্বার আবরণ মাত্র
নানা সূতোয় বোনা পোষাকের আড়ালে
যে লুকিয়ে আছে তার পরিবর্তন নেই
স্থান আর কালের কাঠামোয় তৈরী
পঞ্চভূতের পৃথিবীটা আসলে কিছুই নয়
দেখছি আর শুনছি যা সে শুধু অজ্ঞান আর মায়া
মায়াবাদের সাথে সমস্বরে বলেছেন
পদার্থবিদ্যার বিশেষ বিজ্ঞানীরা
আমাদের চারিদিকে শুধু অণু-পরমাণুর চঞ্চল লীলা
গভীর চিন্তা আর জটিল অংকে এই উত্তরে
পৌঁছেছেন তাঁরা ।
কিন্তু! এই কিন্তুটাই তো বাধিয়েছে বিপদ
আমার এই মিথ্যা জগতের পরম সত্যি দিনে রাতে
হঠাৎ হাসি, হঠাৎ দেখার পলকে যাকে চিনেছিলাম
সেই ধরাছোঁয়ার রূপের আড়ালে চিরন্তন অরূপ সত্বা
কোন অণু, কোন পরমাণুতে কোথায় তার পরশ পাব?
আমার সন্তানের আনন্দের ক্ষণে
হাসির আলোয় কার চোখে আমি চোখ রাখব?
দুঃখ দুরাশার ঘূর্ণী ঝড়ে দিশাহারা পথে
পরম আশ্বাসে কার হাত ধরে আমি এগিয়ে যাব?
ওগো বিজ্ঞানী, ওগো জ্ঞানী,

হে আমার দয়াময় সগুণ ঈশ্বর,

চোখের জলের সমুদ্রের পারে - বলে দাও

কোন রূপে তাকে চিনতে পারব?

সুরের জালে

রাজশ্রী সেনগুপ্ত (ঝর্ণা চ্যাটার্জীর বোনঝি)

সুখেন দাস ঘরের সামনে খোলা জায়গা টুকুতে বসে তার উচ্চ মাধ্যমিকের পড়াশোনার করে।জায়গাটা খুবই অপরিসর এবং পর পর সারি সারি ঘরের সবার যাতায়াতের পথ।তাতেও সুখেনের কিছু এসে যায়না,তার বদ্ধ ঘরটুকুর চেয়ে এই ভাল।ইস্কুল থেকে ফিরে যতক্ষন আলো থাকে তার সময় এখানেই কাটে।

আজ দুবছর হল তারা এই ঘরে। এক বছর হল মা গত হয়েছেন ।এখন সে এখানে একেবারে একা। গ্রামে দাদারা আছেন চাষ বাস দেখেন। সুখেনের মাথা খুব পরিস্কার , মাধ্যমিকে সে এত ভাল ফল করেছিল যে শুধু তার পরিবার না সারা গ্রামের মুখ উজ্জ্বল হয়ে যায়।মাস্টার মশাইরা খুশি তো বটেই অত্যন্ত গর্বিত ও। দাদারা তাই কষ্ট করে হলেও ওর এখানকার খরচ চালিয়ে যাচ্ছেন।ইস্কুলের ফি লাগেনা দাদারা যা পাঠান তাতে ওর থাকা খাওয়া চলে যায়।
মা চলে যাবার পর পাশের ঘরের কাকিমা যাঁর সাথে রক্তের কোন সম্পর্ক নেই তিনি ওর রান্না খাওয়ার ভার তুলে নিয়েছেন । ও শুধু খরচ টুকু দিয়েই খালাস।এই ভালবাসাটুকু পেয়ে সে ধন্য। কাকিমার মেয়ে রানু দুবেলা তার খাবার গুছিয়ে দিয়ে যায়।ভারী মিষ্টি মেয়ে ।
প্রায়ই ঘরে ফিরে সে দেখে তার অগোছালো ঘর কোনো রমনীয় হাতের ছোঁয়ায় ভোল পালটে ফেলেছে। অনেকবার সে রানুকে বলেছে আমার ঘর তোকে পরিস্কার করতে হবেনা। রানু লজ্জায় মাথা নীচু করে চলে যায়, কোনো উত্তর দেয়না। সুখেন জানে বৃথাই বলা রানু শুনবেনা।মেয়েটি ভারী লাজুক।

সুখেনের আরেকটি গুণ সে ভারী সুন্দর গান গায়। চমৎকার মিষ্টি গলা তার। সে যখন আপন মনে গান গায় আশপাশের লোক দু দন্ড থেমে শুনে যায়।পাড়ার কচিকাঁচা ছেলে মেয়েদের সে বিকেল হলেই গান শেখায়। শিশুদের মিষ্টি গলার সুরে ছোট চাতাল টুকুতে একটি ভারী মনোরম পরিবেশের সৃস্টি হয়। অভিভাবক রা ধন্য হয়ে যান, যার যা ক্ষমতা মত দু চার টাকা পাঠিয়ে দেন। সুখেন ও ধন্য হয়। সযত্নে সেই টাকা সে জমিয়ে রাখে। তার বড় সখ সে একটা

মাউথঅরগান কেনে ।।বাজারে মনিহারি দোকানে সে দেখে এসেছে। দোকানী তার উৎসাহ দেখে হাতে নিয়ে পরখ করতেও দিয়েছেন।আর অল্প কিছু টাকা হলেই তার সাধের মাউথ অরগ্যান সে কিনে আনবে।

একদিন রানু খাবার নামিয়ে রেখে অন্যান্য দিনের মত চলে না গিয়ে মাথা নীচু করে দাঁড়িয়ে আছে দেখে সুখেনই প্রশ্ন করে,,"কি রে রানু কিছু বলবি"? নত মাথা তার আরো নত হয়ে যায়, কোন রকমে নীচু গলায় সে বলে,"সুখেনদা আমাকে গান শেখাবে?"
"ও মা, তুই গান জানিস বুঝি? কখনও তো শুনিনি।"
"জানি না, তুমি যদি শেখাও।"
"ওমা বেশ তো বিকেলে আসিস সবার সাথে তোকেও শেখাব।"
"না না সে আমি পারবোনা লজ্জা করে।"
"তবে সন্ধ্যায় এখানে আসিস, শেখাব 'খন।" রানু এক ছুটে ঘর ছেড়ে চলে যায়।

পরদিন সন্ধ্যে হতেই রানুর আবির্ভাব সুখেনের ঘরে।ধীর পায় ঘরে ঢুকে চৌকির একধারে বসে পড়ে ।
সুখেন বলে,"আমি এক কলি গাইব তুই সেই শুনে গাইবি। ঠিক আছে? বলেই সে গান ধরে, "আমি কোথায় পাব তারে আমার মনের মানুষ যেরে", দুবার এই কলিটি গেয়ে সে তাকায় রানুর দিকে, হঠাৎ যে কি হয় ঐ আবীর লাল নতমুখী মেয়েটির মুখে তার দুচোখ আটকে যায় , তার মনে হয় এই অপূর্ব সুন্দর মুখ সে আগে কখনও দেখেনি। সত্যি রানুর দিকে আগে এমন ভাবে সে চেয়ে দেখেছে কি? তাড়াতাড়ি নিজেকে সামলে নিয়ে সেও একটু যেন কাঁপা গলায় বলে ,"কিরে শুরু কর।"

প্রথম দিন লজজায় সংকোচে গলা বুজে এলেও আসতে আসতে সহজ হয়ে যায় রানু।শিক্ষা চলতে থাকে, দুজনেই রানুর মিষ্টি গলা আর সুরের দখল আবিষ্কার করে মুগ্ধ হয়ে যায়। রানু নির্ভুল সুরে পুরো গানটি যেদিন গেয়ে ওঠে , দুজনের সুর মিলে একাকার হয়ে যায়। উত্তেজনায় সুখেন উঠে রানুকে দুহাতে বুকে জড়িয়ে ধরে। হঠাৎ যেন প্রলয় ঘটে যায় , দুজনের হৃদয়ে একই সাথে দিরিম দিরিম তালে শয়ে শয়ে মাদল বেজে ওঠে আর দুজনের বোজা চোখে হাজারো তারাবাতির রোশনাই। কয়েক মুহূর্ত পরে ছাড়া পেয়ে রানু দূরে সরে গেলেও তখনও দুজনের বুকে দুমদুমিয়ে মাদল বেজে চলেছে আর সুখেনের ছোট্ট ঘরটি সুরের ঢেউয়ে পাল তোলা নৌকার মত ভেসে চলেছে।

পথের সারথী

সুভাষ চন্দ্র বিশ্বাস

আকাশে বসেছে চাঁদের হাট।
সে হাট ছাড়িয়ে ছায়াপথ পেরিয়ে
পৌছে যাই সনাতনী অন্ধকারে।
হে আমার পথের সারথী,
তুমি কি জান কোথায় আমার ঘর?

যখন চুপি চুপি রাত্রি নামে,
অশ্রুজলের স্মৃতি জড়ানো
ভাবনাগুলো প্রাণের মাঝে জমে।
চাঁদের হাট ভেঙ্গে গেছে,নিবে গেছে সব তারা।
আকাশভরা নিবিড় নির্জনতা,
শত শতাব্দীর নির্জনতা।

সব কিছু ফেলে আঁকড়ে ধরি
এক গভীর শূণ্যতা।
এই কি আমার জীবনের সম্বল?

হে সারথী , শুনাও তোমার শঙ্খনিনাদ,
ভেঙ্গে দাও আমার রুদ্ধ কপাট,
ললাটে আঁক মুক্তির তিলক,

রিক্ত কর সব রিপুর ভান্ডার।

চলার পথে তোমার রথে

নিয়ে যাও অন্য এক চাঁদের হাটে,

এক নতুন ঠিকানায়।

স্মৃতিচারণ

আদিত্য চক্রবর্তী

আইকম বাইকম তাড়াতাড়ি,
যদু মাস্টার শ্বশুরবাড়ি।
রেল কম্ ঝমাঝম,
পা পিছলে আলুর দম।

এই কয়েকদিন ধরেই উপরোক্ত ছড়াটি মনের মধ্যে ঘুরপাক খাচ্ছে আর নিজের অজান্তেই গুনগুন করে আওড়িয়েই যাচ্ছি। কিছুতেই বুঝতে পারছিলাম না কেন এরকম হচ্ছে। তার পরেই হঠাৎ মনে হল তাই হবে। ছোটবেলাকার ভাগলপুরে কাটানো দিনগুলো মনকে বড়ই নাড়া দিয়ে উঠেছে। জানিনা বয়স যত বাড়ছে, জীবনে ফেলে আসা দিনগুলো সব মনকে স্মরণ করিয়ে দিচ্ছে সেই সব সুন্দর দিনগুলোর কথা। আসলে কি জানেন তো, ছোটবেলায় এই রেল গাড়ির যাতায়াত, ওদের আনাগোনা, সেই ঝম্ ঝম্ করে চোখের সামনে দিয়ে চলে যাওয়া, সব অদ্ভুত মনে হতো। সেই কয়লার ধোঁয়া উঠতে দেখে কেমন মনে হতো এক বিজয় গর্বে ওদের কেমন যেন একটা ডোন্ট কেয়ার ভাব। ভাগলপুরে আমি বড় হয়েছি। হায়ার সেকেন্ডারি পরীক্ষা পাশ করে অবশ্য লেখাপড়ার সূত্রেই এবং চাকরির জন্য চলে আসি ওখান থেকে। ভাগলপুরে আমাদের বাড়ির পেছনেই সাহেবগঞ্জ লুপ লাইনে যাতায়াত করতো কলকাতা বা দিল্লি গামী ট্রেন। অবশ্য তখন সর্বসাকুল্যে আপার ইন্ডিয়া এক্সপ্রেস, দানাপুর ফাস্ট প্যাসেঞ্জার, বারাউনি প্যাসেঞ্জার, গয়া প্যাসেঞ্জার ট্রেন। ছোটবেলায় আমাদের গর্ব ছিল ভাগলপুর জংশন স্টেশন বলে। আমাদের আশেপাশে সাহেবগঞ্জ জংশন আর অন্য পাশে জামালপুর জংশন। কিন্তু ওরা তো ভাগলপুর জংশন এর তুলনায় ছোটখাটো। এই ভেবেই গর্ব হত। ভাগলপুর থেকে মান্দারহীলের ট্রেন আর বারারি ঘাটের ট্রেন শুরু হতো তাই ভাগলপুর জংশন স্টেশন। কিন্তু সাহেবগঞ্জ বা জামালপুরে তো মাত্র একটা করে ট্রেন শুরু হতো তাই ভাগলপুর

জংশন ওদের তুলনায় দুই গুণ বড় তাই না? আমাদের বাড়ির পেছনদিকে যখন ট্রেন আসার অথবা যাওয়ার শব্দ পেতাম সবকিছু ছেড়ে ছুটে চলে যেতাম দোতলায় বাড়ির ছাদে। আর হাঁ করে চোখ বড় বড় করে দেখতাম ট্রেনের গতিবিধি। সে আমাদের যে আনন্দের অনুভূতি এখন আর বুঝিয়ে বলার ক্ষমতা আমার নেই। সারা শরীরে অদ্ভুত এক শিহরণ জেগে উঠতো। কি জানেন তো বয়সের সাথে সাথে ছোটবেলাকার এইসব অল্পেই আনন্দ পাওয়ার যে আনন্দটুকু কোথায় যেন মিলিয়ে গেছে আর বুঝতেই পারি না এই অনুভূতিটুকু।

দানাপুর ফাস্ট প্যাসেঞ্জার সন্ধ্যা সাতটায় ভাগলপুর স্টেশনে এসে থামত। আর জল এবং কয়লা ইঞ্জিনে ভর্তি করে বিশ মিনিট পরে ছাড়তো হাওড়া স্টেশনের উদ্দেশ্যে। আর ছিল মেল সার্ভিসেসের কামরা। চিঠি পোস্ট করা যেত আর পরের দিন সকালেই সাতটার মধ্যে হাওড়া স্টেশনে পৌঁছে যেত সেই চিঠি। অবশ্য বেশিরভাগ সময় সকালে ট্রেন হাওড়া স্টেশনে পৌঁছাবার আগেই আটকে যেত। ডেলি প্যাসেঞ্জার ট্রেন শুরু হয়ে যেত বলে হাওড়া পৌঁছাতে বেশিরভাগ দিনই দশটা কি এগারোটার পরই লাইন ক্লিয়ার পাওয়ার পরে পৌঁছতো। রেলটা থামত ছাইগাদা জংশনে। আসল নাম লিলুয়া। এখানে একটা বিরাট গর্ত ছিল ইঞ্জিনের কয়লা ফেলার জন্য। তার ওপরেই ইঞ্জিন এর পোড়া কয়লা ফেলত। পোড়া কয়লা না বলে বলা উচিত আধপোড়া কয়লা। অর্ধেক পোড়া অবস্থাতেই থাকত। আর সেই গরম পোড়া কয়লা তোলার জন্য প্রচুর মহিলারা ঝুড়ি হাতে লাইনের পাশে অপেক্ষা করতো কখন রেলটা যাবে আর তখন সব মহিলারা দুমদুম করে হাত পুড়িয়ে সেই আধপোড়া কয়লাগুলো বাড়ি নিয়ে যাবে। আর বাড়ি গিয়ে উনুনে আগুন দেবে আর রান্নাবান্না করবে বলে। হাওড়া স্টেশনে আমরা একটা ট্যাক্সি নিয়ে হাওড়া ব্রিজ পেরিয়ে সোজা গিয়ে উঠতাম বিজু কাকার বাড়িতে শ্যামবাজারে। কলকাতায় গেলে ওখানেই উঠতাম আর থাকতাম আমরা। আমাদের আওয়াজ পেয়ে বিজু কাকা ওপরে উঠে এসে বাবাকে বলতো ‘ভোলাদা, তোমরা এসে গেছ! ঠিক আছে রেস্ট নাও আমি একটা রোগী দেখেই আসছি একটু পরে’। একটা কথা বলতে ভুলে গেছি। ওই দানাপুর ফাস্ট প্যাসেঞ্জার ট্রেনের মেইলবক্সে বাবা চিঠি পাঠাতো, সবাইকে চিঠির উত্তর দিত খুবই নিয়ম করে। ওই ট্রেনে চিঠি পাঠালে কলকাতায় চিঠি পৌঁছে যেত তাড়াতাড়ি তাই। আর বেশিরভাগ সময়ই আমাকে চিঠি নিয়ে ভাগলপুর স্টেশন যেতে হতো ট্রেন ছাড়ার আগেই। আমাদের বাড়ি থেকে রেল লাইন ধরে ছুটে গেলে মিনিট দশেকের বেশি লাগতো না ভাগলপুর জংশন স্টেশনে পৌঁছাতে। মাঝে মাঝেই একটু আমার দেরি হয়ে গেলে দেখতাম গার্ড সাহেব দানাপুর ফাস্ট প্যাসেঞ্জার ট্রেন কে দাঁড় করিয়ে অপেক্ষা করতো কখন উকিলবাবুর ছেলে চিঠি দিতে আসবে। পাঁচ দশ মিনিট পর্যন্ত অপেক্ষা করতে দেখেছি অনেক সময়। তখনকার দিনে এসব সম্ভব ছিল। আজকালকার দিনে কেই বা কাকে চেনে বা এতটা খাতির করে। সবাই ছুটছে সবকিছু পেছনে ফেলে এগিয়ে চলার জন্য।

ভাগলপুর এর কথা মনে পড়লেই মনে পড়ে আমাদের সেই স্কুল, সিএমএস হায়ার সেকেন্ডারী স্কুলের কথা। এটা খ্রিষ্টান মিশনারি স্কুল ছিল। সিএমএস স্কুলে আমার দাদারা সবাই এখানেই পড়াশোনা করেছিল। একেবারে গঙ্গার ধারে। প্রায় কাছাকাছি ছিল বঙ্গীয় সাহিত্য পরিষদ, রাজবাড়ি, সিনহা বাড়ি, গৌরীদির বাড়ী ইত্যাদি। শরৎচন্দ্রের ইন্দ্রনাথ-শ্রীকান্ত গল্পের ইন্দ্রনাথ ছিলেন গৌরীদির দাদু। বঙ্গীয় সাহিত্য পরিষদ-এর সঙ্গে যুক্ত ছিলেন আনেক সাহিত্যিক যেমন বনফুল, তারাশংকর বন্দ্যোপাধ্যায়, বিভূতিভূষণ, দিব্যেন্দু পালিত আরো অনেকে। রাজবাড়িতে এই যেমন অশোক কুমার, কিশোর কুমার ইত্যাদি - তারা ছিল ঐ বাড়িরই ছেলে। আর ছিল সিনহা বাড়ি। আমার তো ধারনা যদি সিনহা নামের পদবী আর তারা যদি বাঙ্গালী হয় তাহলে তাদের সঙ্গে ভাগলপুরের কোন না কোন যোগ আছে। তপন সিনহা ভাগলপুরে আমার বড়দার সঙ্গে একসঙ্গে পড়েছে কলেজে। লেখাপড়া করলে হয় খুব ভালো ছাত্র আর প্রথম ডিভিশানে পাস করবি নয়তো তপুর মত ফেলু হয়ে পাস করবি। মাঝামাঝি সেকেন্ড ডিভিসনএ পাস করলে জীবনে কিছুই করতে পারবি না। বড়দা বলতো। তপু কে দেখ। কত বড় সিনেমার ডিরেক্টর।

আমাদের ভাগলপুরে আরেকটা স্কুল ছিল দুর্গাচরণ হাই স্কুল। আমাদের স্কুলে যেমন বাংলা, হিন্দি সব পড়ান হত, দুর্গাচরণ স্কুলে কেবল বাংলা ছিল। এই দুর্গাচরণএর ছাত্র ছিল তপন সিনহা। আমাদের এই দুই স্কুলের মধ্যে সব সময় খুবই রেষারেষি লেগে থাকত, বিশেষ করে ক্রিকেট ম্যাচ নিয়ে। মনে আছে সেবার আমাদের স্কুলের ক্যাপ্টেন আমি। আর যেহেতু আমাদের স্কুলের একজন খেলোয়াড় কম হয়েছিল আমাদের গেমস টিচার জোব স্যার আমাদের হয়ে খেলবেন ঠিক হল। তখন দুর্গাচরণ স্কুলের কানাইদা ঠিক করলেন উনি ও তাহলে মাঠে নামবেন খেলতে দুর্গাচরণ এর হয়ে। দুর্গাচরণ ক্রিকেট টিম বরাবরই খুবই ভালো। তারপর ভাস্কর ঘোষ বলে একজন ওপেনিং ব্যাটসম্যান খেলছে। পরে ভাস্কর বিহার রঞ্জি ট্রফিতে খেলেছে ওপেনার হিসেবে। আগের দিন প্রচন্ড বৃষ্টি হয়ে গেছে। আগেই বলেছি আমাদের সিএমএস স্কুল গঙ্গার ধারে। তাই একটুতেই মাঠে জল জমে যায়। বলাই বাহুল্য আমাদের স্কুলের মাঠে খেলা শুরু হল। সবাইকার মনে খুবই উত্তেজনা। কি হবে, কে জিতবে, কে হারবে, এই চিন্তা। মনে মনে তো আমরা জানি দুর্গাচরণ এর সঙ্গে ক্রিকেট খেলে কোনদিনও আমরা জিততে পারিনি আজও পারবোনা। জোব স্যার আমাদের উইকেট কিপার। আমাদের বল করা শুরু করলো রাজীন্দর। রাজীন্দর কোনদিনও ক্রিকেট খেলেনি। কিন্তু তাল গাছে চড়ে চড়ে হাতে পায়ে প্রচন্ড জোর। মোটামুটি বল করতে শেখানো হয়েছিল কারণ আমাদের দলে বোলার খুব একটা ছিল না কেউ। যাইহোক প্রথম ওভারে বারো রান তুলল ওরা। দ্বিতীয় ওভার আমি শুরু করলাম। আমি লেগস্পিন বল্ করে থাকি। সাধারণ পীচে পাঁচ কি ছয় ইঞ্চি বল ঘোরে ভেতর থেকে বাইরের দিকে। সেদিন যে সব অদ্ভুত কাণ্ড হচ্ছিল বলার নয়। জল জমা মাঠে বল

ঘুরতে শুরু করলো এক ফুট করে কি আরো বেশি। বাবারে বাবা, কি কান্ড! ব্যাটসম্যান কিছুই করতে পারছে না। পায়ের ফাঁক দিয়ে, হাতের মাঝ দিয়ে সবগুলো বলই উইকেটে গিয়ে লাগতে শুরু করলো। আর দুর্গাচরণ এর একটা একটা করে উইকেট পড়তে শুরু করলো টপাটপ। ভাস্করও খুব একটা সুবিধা করতে পারলোনা। দুর্গাচরণ সর্বসাকুল্যে একুশ রান করে সবাই অলআউট হয়ে গেল। একটা চার মেরে আমাদের জিতিয়ে দিলো সাত উইকেটে রুনু। সেদিনের এই অদ্ভুত ব্যাপার আজও ভুলতে পারিনি আমি।

বলাইবাবুর চেম্বার (বনফুল) আমাদের বাড়ি আর পাড়ার খুব কাছেই ছিল। আমাদের পাড়ার ঠিক পাশের পাড়ায়। আর বলাইবাবুর দাদা ভোলা বাবু, মানে অরবিন্দ মুখোপাধ্যায় আমাদের পাড়াতেই থাকতেন। বলাইবাবু প্রায় রোজই সকালে একটা রিক্সা করে মাছের বাজারে যেতেন মাছ কিনতে আমাদের রাস্তার সামনে দিয়েই। আমাদের বাড়ির সামনের বারান্দাতে পাড়ার ছেলেরা সরস্বতী পুজো করতো প্রতিবছর। আমরা সারারাত ধরে প্রতিমা সাজাতাম, ফল কাটতাম প্রসাদের জন্য এবং পূজার জন্য অন্য কাজ করতাম। খুবই আনন্দের সময় ছিল তখন। সেবার আমরা বলাই বাবুর চেম্বারে গেছি চাঁদার খাতা নিয়ে চাঁদা চাইতে। আমাদের দেখে বললেন কেন দেব চাঁদা অন্য পাড়ার পুজোর জন্য? আমাদের তখন ছাত্র বেলা। খুবই রাগ হলো। ভাবলাম ঠিক আছে মজা দেখাতে হবে। সেদিন রাতারাতি বলাই বাবুর বাড়ি গিয়ে সামনের সিঁড়ির উপর রাখা সব ফুলের সুন্দর সুন্দর টবগুলো তুলে নিয়ে চলে এলাম আমরা। আর তাই দিয়ে আমাদের প্রতিমা সাজালাম। যথারীতি সকালে মাছ আনতে বেরিয়ে আমাদের বাড়ির সামনে এসে থমকে দাঁড়ালেন বলাইবাবু। “এদিকে এসো তোমরা। আমার বাড়ির মনে হচ্ছে এই ফুল। এক্ষুনি এগুলো আমার বাড়িতে গিয়ে রেখে এসো।“ ওনার মুখে কিন্তু রাগের কোন চিহ্ন ছিল না। হেসেই বলেছিলেন ওই সব কথা। কিন্তু আমাদের সাহস হয়নি সেই আদেশ অগ্রাহ্য করার।

ভাগলপুরের আরেকটা গল্প মনে পড়ছে। আগেই বলেছি আমাদের স্কুলের পাশেই রাজবাড়ী। একদিন শীতকালের সুন্দর সূর্য উঠেছে। স্কুলের গেটের পাশে গিয়ে দেখি কয়েকজন ছাত্র গোল করে ঘিরে বসে আছে কাউকে নিয়ে। এগিয়ে গিয়ে দেখি ওমা সয়ং কিশোর কুমার। একটা স্যান্ডো গেঞ্জি আর লুঙ্গি পরে আড্ডা মারছে চা আর সিঙারা সহযোগে। কিশোরকুমার তখন ওই সব সিনেমা করত যেমন ঝুমরু, কড়োরপতি, হাফ্ টিকিট ইত্যাদি। সেরকম নাম হয়নি তখনও।

আর রেলগাড়ির কথা দিয়েই এই স্মৃতিচারণ শুরু করেছি তাই রেলগাড়ির গল্প না বললে আমার নিজেরই খুব খারাপ লাগবে। সেই জন্যই একটা গল্প আপনাদের জানাচ্ছি। এই লেখার সঙ্গে এই গল্পের কোনো সামঞ্জস্য সত্যিই নেই। তবুও শুনুন।

অঙ্কে দুর্বল দু'জন চাকুরি প্রার্থী ইন্টারভিউ দেওয়ার জন্য বসে রয়েছেন। প্রথম জন ভেতরে ঢুকলেন।

অফিসারঃ মনে করুন, আপনি ট্রেনে জার্নি করছেন। সফর কালে আপনার অত্যধিক গরম লাগছে। আপনি কী করবেন?

চাকুরি প্রার্থীঃ ট্রেনের জানালা খুলে দেবো।

অফিসারঃ বাহ, বাহ্ খুব ভালো। এখন বলুন, জানালার ক্ষেত্রফল ১.৫ বর্গ মিটার, ট্রেনের কামরার ঘনফল ১৩ ঘনমিটার, পশ্চিমদিকে ট্রেনের গতিবেগ ৮০কিমি/প্রতি ঘন্টা এবং হাওয়ার গতিবেগ দক্ষিণ দিকে ৫ মাইল/ প্রতি সেকেন্ড হলে ট্রেনের কামরা ঠাণ্ডা হতে কত সময় লাগবে?

চাকুরি প্রার্থী সব ঘেঁটে কোনো উত্তর দিতে পারলেন না। বেরিয়ে এসে দ্বিতীয় চাকুরি প্রার্থীকে প্রশ্নের বিষয়ে জানালেন। এবার দ্বিতীয় জন ভিতরে ঢুকলেন।

অফিসারঃ মনে করুন, আপনি ট্রেনে সফর করছেন। যাত্রাকালে আপনার অত্যধিক গরম লাগছে। আপনি কী করবেন?

দ্বিতীয় চাকুরি প্রার্থীঃ কোট খুলে দেবো।

অফিসারঃ তারপরেও গরম লাগলে কী করবেন?

দ্বিতীয় চাকুরি প্রার্থীঃ জামা খুলে ফেলবো।

অফিসারঃ তারপরেও গরম লাগলে?

দ্বিতীয় চাকুরি প্রার্থীঃ প্যান্ট খুলে ফেলবো।

(বিরক্ত হয়ে) অফিসারঃ তারপরেও গরম লাগলে?

দ্বিতীয় চাকুরি প্রার্থীঃ গেঞ্জি খুলে ফেলবো।

(প্রচণ্ড রেগে গিয়ে) অফিসারঃ তারপরেও যদি গরম লাগে?

দ্বিতীয় চাকুরি প্রার্থীঃ আমি তাহলে বাকি টুকু বস্ত্রটাও, তার - মানে জাঙ্গি--

(ভীষন ভাবে বিরক্ত হয়ে) অফিসারঃ থাক, থাক দয়া করে আর কিছু খুলতে হবে না। কি করবেন বলুন?

দ্বিতীয় চাকুরি প্রার্থীঃ স্যার, সব বস্ত্রই খুলে দেবো, আমি গরমে মরে যাবো, কিন্তু কোনোভাবেই ট্রেনের জানালা খুলবো না।

আরেকটা এই ট্রেন সম্পর্কে গল্প মনে পড়ল। সেটাও বলে ফেলি। আশা করি কিছু মনে করবেন না। এটাতেও আসলে আমার কোনও কৃতিত্ব নেই। আমার হাস্যরসের গুরুদেব শ্রীযুক্ত শিবরাম চক্রবর্তীর লেখা কোনও একটা গল্পের। দুই সহযাত্রী ট্রেনের দুই জানলার ধারে বসে আছে। একজনের হঠাৎ কি খেয়াল হলো উঠে গিয়ে জানলাটা দুম করে বন্ধ করে দিল। করে দিয়ে বলল আপনার কোনো আক্কেল নেই মশাই। আমি মরে যাচ্ছি ঠান্ডায় আর আপনি জানালা খুলে বসে আছেন? বলে নিজের সিটে এসে আবার বসে পড়ল। যে ভদ্রলোক জানলা-খোলা সিটের পাশে বসেছিল সে দুম করে আবার জানালাটাকে খুলে দিল। খুলে বলল, আপনার কোন আক্কেল নেই মশাই, এই গরমে আপনি জানলা বন্ধ করলেন। এই কিছুক্ষণ ধরেই ধুমধাম চলতে থাকল। একজন বন্ধ করে তো আরেকজন খুলে দেয়। রীতিমত ঝগড়াই লেগে গেল দুজনের মধ্যে। গার্ডসাহেব অনেকক্ষন ধরে দেখছিল এইসব কান্ড-কারখানা। এবার একটু বেশ রাগ হল গার্ডসাহেবের। আপনারা কি করছেন মশাই তখন থেকে, আওয়াজ করছেন, আমার ঘুম হচ্ছে না, একবার খুলছেন, একবার বন্ধ করছে, কি ভেবেছেন টা কি? আমার শীত করছে সেজন্য আমি বন্ধ করছি আর ওনার গরম লাগছে বলে খুলে দিচ্ছেন, বলে এক সহযাত্রী। গার্ডসাহেব খুবই হো হো কোরে হেসে বলল এবার, আপনারা দেখতে পাচ্ছেন না এই জানলাতে তো কোনো কাঁচই নেই। জানালা বন্ধ করলেই বা কি আর খোলা থাকলেই বা কি?

এই স্মৃতিচারণের শেষ অংশটা তেও আমার কোন কৃতিত্ব নেই। এটা তপন সিনহার লেখা আর বনফুলের বলা গল্প। নিম্নোক্ত গল্পটা বনফুলের শেষ গল্প। জানা নেই এটা কোথাও ছাপা হয়েছিল কিনা কখনও। তার কিছুদিন পরেই বনফুল মারা গিয়েছিলেন। যাই হোক দুজনেই ভাগলপুরের, তপন সিনহা আর বনফুল। সুতরাং আমার একটা নস্টালজিয়া তো আছেই। আপনাদের সঙ্গে শেয়ার না করে পারছি না ("বনফুলের শেষ গল্প" -- তপন সিনহা/শারদীয় যুগান্তর ১৩৮৬)।

“একদিন সকালবেলা একান্তে নিজের ঘরে বসে লিখছি, হঠাৎ আমার একজন সহপাঠী বন্ধু ঘরে এসে ঢুকলো। তার চেহারা দেখে চমকে উঠলাম। উস্কোখুস্কো চুল, জীর্ণ বসন, চোখ দুটো জবা ফুলের মতো লাল। ঘরে ঢুকেই ও বললে, “এ কি রে, তোর এ রকম দৈন্য দশা কেন? ভাঙা টেবিল চেয়ারে বসে লিখছিস! তোর জানালার পর্দা ছেড়া, বিছানার চাদর নোংরা। দাঁড়া তোকে কিছু টাকা দিই”- বলে খস্ খস্ করে একটা পঞ্চাশ লক্ষ টাকার চেক লিখে দিল।

বুঝলাম ওর মাথা খারাপ হয়েছে। তবুও জিজ্ঞেস করলাম, “তুই এত টাকা পেলি কোথায়?”

ও হেসে বলল, “আরে বাঃ, তুই জানিস না, আমি সারা ভারতবর্ষের একছত্রাধিপতি সম্রাট।”

বুঝলাম, একেবারে উন্মাদ হয়ে গেছে। বড়ো কষ্ট হল। আমরা একসঙ্গে পড়তাম। ভালো ছাত্র ছিল। বিরাট সম্ভাবনাও হয়তো ছিল। আমার এক ডাক্তার বন্ধুকে ডেকে ওর চিকিৎসার দায়িত্ব তার ওপরে দিলাম।

মাস দুয়েক পর হঠাৎ সে আবার এল। সম্পূর্ণ ভাবে সুস্থ হয়ে উঠেছে। কিন্তু কেঁদে ফেলে বলল

"তুই আমার এ সর্বনাশ কেন করলি? আমি তো উন্মাদ হয়ে সব কিছু ভুলে মহা আনন্দে ছিলাম। তুই আমার চেতনা ফিরিয়ে দিয়ে আবার আশা নিরাশা হতাশা সুখ দুঃখ হাসি কান্না দারিদ্র্য সম্বন্ধে সচেতন করে দিলি-কেন? কী দরকার ছিল?"

এর মাসখানেক পর বনফুল আমাদের ছেড়ে চলে গেলেন ....

পূজোর মেলা

অরুণ শংকর রায়

পূজো পূজো বনবাদারে পূজো পূজো গন্ধ,
পূজোর মাসে খেঁকশিয়ালের পাঠশালাটি বন্ধ।
বন্ধ আপিস, বন্ধ এখন হাকিম হুলোর কোর্টটা,
বন্ধ রাজার দরবারি আর সিংহরাজার ফোর্টটা।
বাজছে সানাই, বাজছে বাঁশি, বাজছে কাঁসর ঘন্টা,
বাদ্যি শুনে উঠলো নেচে সিংহরাজার মনটা।
রাজার সাথে সবাই নাচে তাইরে-না-না নাইরে,
পূজোর মেলা বসেছে এক শহর থেকে বাইরে।
রকমারি সব কাপড়জামা চকমারি সব গয়না,
ভাবছ মিছে বানিয়ে বলা এমনতরো হয়না।

সত্যি দেখ সিংহরাজা পরেন জহর কোটটা,

সিংহীরানী আলতা দিয়ে রাঙান বসে ঠোঁটটা।
উট ভেবোনা উটকো মোটেই থাকেন সমরখন্দে,
বুক ফুলিয়ে চলেন হেঁটে রঙীন গলাবন্ধে।
নকল করা চুল পরে আর আমেরিকান জিনরে,
বেড়ালমাসির সখ চেপেছে সাজতে হিরোইনরে।

বাঘবাবাজী চুমড়ে বলেন আতরমাখা গোঁফটা,
“পূজোর মেলায় সামলানো দায় নাগরা পরার লোভটা।
আগ্রা থেকে সদ্য কেনা দামটি অনেক ধরলে,
পা দুটো ভাই আপনি হাঁটে নাগরাজোড়া পরলে।”
গজহাতির গিন্নি বলেন উর্দ্ধে তুলে শুঁড়টা,
“এই দেখনা আমার হাতের ম্যাচিং করা চূড়টা।
চন্দ্রমণি চূড়ের সাথে ম্যাচিং করা কানটা,
পরলে পরে আপনি আসে লারেলাপ্পা গানটা।”

রামছাগলের বেগম বলেন শুঁকে গোলাপ ফুলটা,
“তোমরা তো ভাই দেখছনি কেউ আমার হীরের দুলটা।
দুলজোড়াটি কোথায় পেলাম ইচ্ছে যদি জানতে,
এইতো সেদিন বিদেশ গেলাম লন্ডনেতে আনতে।”
খেঁকশিয়ালি খেঁকরে বলে, “থামাতো তোর গল্প,
কান্জিভরম শাড়ির আমার দামটি ভাবিস অল্প ?
হংকেতে গেলাম নিজে শাড়িটাকে কিনতে,

তিনটি বছর লাগল জানিস আসল চিনতে।”

ভালুকমামাও সবার সাথে দিচ্ছে কষে পাল্লা,
প্যারিস থেকে আমদানি তার খানদানি আলখাল্লা।
সোনার জলে পালিশ করা জাফরি কাটা বুকটা,
“এমন জিনিষ কেউ দেখেছ?” নাচিয়ে বলে মুখটা।

ফ্যাসান-পাগল মানুষরা সব কাপড়চোপড় ছাড়ছে,
ফ্যাসান-পাগল বনের পশুর কাপড় পরা বাড়ছে।
কান্ড এসব দেখে দেখে কূল না যত পাচ্ছি,
ঘুরতে থাকে মাথাটা আর ততই খাচ্ছি।

হিজিবিজি বিদ্যা

হাসু ঘোষ

আর সব বাঙালির মতো সহজ পাঠের হাত ধরে আমারও পথ চলা শুরু। তারপর বড় হওয়ার সাথে সাথে ধীরে ধীরে রবীন্দ্রনাথের ছোট গল্প, কবিতা, উপন্যাস ও প্রবন্ধের সাথে অল্পস্বল্প পরিচয়। পরিচয় তাঁর আঁকা ছবির সাথে। আরো পরে জেনেছি যে রবীন্দ্রনাথ লেখার খসড়া করতে গিয়ে ‘ডুডল্’ করতেন। সত্যি বলতে কি ডুডলগুলি তেমন আকর্ষনীয় লাগেনি শুরুতে। কেমন যেন অপ্রচলিত আকার ও আকৃতির সমাবেশ বলে মনে হত। আবার কখনও বা মনে হত এ যেন কথা ও ছবির এক রহস্যময় প্রকাশ। মনে মনে কৌতুহল জাগতো, কি লিখতে চেয়েছিলেন তিনি খসড়ার শুরুতে, আর তাকে আড়ালই বা করলেন কেন ছবি দিয়ে?

এই ভাবনাটা হয়তো একেবারে অমূলক নয়। স্বয়ং রবীন্দ্রনাথ কৌতুক করে তাঁর এই শখকে বলেছেন “হিজিবিজি বিদ্যা”। নিচের চিঠিতে পুত্রবধূ প্রতিমা দেবীকে লেখা নাতনী পুপের চিঠি প্রসঙ্গে এর উল্লেখ আছে। যেখানে উনি বলছেন যে তাঁর লেখার ভুল ঢাকতেই এই হিজিবিজি বিদ্যার প্রয়োগ। যেন এ ছিল তাঁর নিছকই এক ছেলেমানুষী শখ।

(১৮) ওঁ

বৌমা,

পুপের চিঠি পেলুম। ভাগ্যি তোমরা ব্যাখ্যা করে দিয়েচ তাই ভাবার্থ টা বোঝা গেল। কিন্তু ভাবার্থ টা ওর আসল অর্থই নয়, ওটা বাজে কথা। ওর নাচ যেমন নিরর্থক, ওর লেখাও তেমনি, হিজিবিজির নৃত্য। এই হিজিবিজি বিদ্যায় আমারও সখ আছে, তোমরা জান। এই জন্যে ওর চিঠির ঠিকমত উত্তর আজ সকালে বসে বসে লিখেছি। আমরা যাঁর অতিথি তিনি আমার টেবিলে হঠাৎ এটা দেখে অবাক্। পাছে ভাঁজ করতে গিয়ে এটা নষ্ট হয়ে যায় সেইজন্যে তিনি এর জন্যে একটা বড় লেফাফা আনবার ব্যবস্থা করচেন। এলে পাঠিয়ে দেব। কিন্তু এর একটু ব্যাখ্যা করাও দরকার। গোড়ায় আমি কাগজটার উপর ওর যত আদরের নাম সব লিখ্‌লুম, পুপে, পুপু, পুপসি, মাডাম পাভ্লোভা দি সেকেণ্ড, রূপসী, উর্ব্বশী, রম্ভা, মেনকা, তিলোত্তমা ইত্যাদি ইত্যাদি, তার পরে যেমন

করে আমার লেখার ভুলগুলোকে চাপা দিই তেমনি করে নানা আঁকা জোকা দিয়ে ওগুলো সম্পূর্ণ চাপা দিয়েচি। এর মর্ম্ম হচ্চে এই, ঐ আদরের নামগুলো সমস্তই ভুল, আমার মন থেকে এর সমস্তই আমি সরিয়ে ফেলবার চেষ্টায় আছি। ওর সম্বন্ধে আরো একটু আমি আলোচনা করেচি, সেটা কবিতায়— সেটাও তোমাদের কপি করে পাঠাব।

দ্বিতীয় বার পেরু যাবার আয়োজন যখন পাকা করেচি এমন সময় কাল ডাক্তার এসে আবার আমাকে পরীক্ষা করে বললেন, আমার কিছুতেই যাওয়া চলবে না, না সমুদ্রপথে, না শৈল পথে। তাতে হঠাৎ বিপদ ঘট্‌তে পারে—আমার যথাসম্ভব সম্পূর্ণ বিশ্রাম দরকার। তাই এখানকার আশা ছেড়ে দিয়ে য়ুরোপে পাড়ি দেবার ব্যবস্থা করা গেল। জানুয়ারির ৩রা তারিখে। ইটালিয়ান জাহাজ, নাম Giulio Cesare। জেনোয়া বন্দরে পৌছব, জানুয়ারির শেষ সপ্তাহে।

ডাক্তার বল্‌চে আমার দেহযন্ত্র কোনোটা বিকল হয় নি, কিন্তু ফতুর হয়ে গেছে। আর বেশি খরচ সইবে না। চুপচাপ করে থাক্‌লে, পুঁজি যা আছে তা নিয়ে আরো কিছুকাল চলে যাবে। ডাক্তার বলে, আমার

মুস্কিল এই যে বাইরে থেকে আমাকে দেখলে বোঝা যায় না, আমার এমন দেউলে অবস্থা। আমি নিজে অনেকদিন থেকে এটা বুঝতে পারছিলুম কিন্তু বোঝাতে পারছিলুম না। যাহোক এবার দেশে ফিরে গিয়ে অকাজের সাধনায় উঠে পড়ে লাগতে হবে। সে সব কথা মোকাবিলায় আলোচনা করা যাবে।

এতদিন পরে ডিসেম্বরের পয়লা থেকে এখানে গরম পড়েচে। আজ মেঘ করে ঝোড়ো হাওয়া দিচ্চে— আবার হয় ত কিছুদিন ঠাণ্ডা পাওয়া যাবে। আমার বিশ্বাস তোমাদের ওখানে ঠাণ্ডার অভাব কিছুই নেই। লণ্ডনের নবেম্বর যে কি পদার্থ তা আমি খুব জানি। ডিসেম্বরে ক্রিস্টমাসের কাছাকাছি বরফ পড়া সুরু হবে।

[বুয়েনোস এয়ারিস, ১৯২৪] শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর

অন্যদিকে আবার ঐকতান কবিতায় রবীন্দ্রনাথ বলেছেন, “যেথা পাই চিত্রময়ী বর্ণনার বাণী / কুড়াইয়া আনি৷” অর্থাৎ তিনি কথা ও ছবির মেলবন্ধনে সমৃদ্ধতর হবার কথা বলেছেন৷ স্বভাবতই প্রশ্ন আসে এই ডুডলগুলি কি কেবল লেখার ভুল ঢাকতেই সৃষ্টি, নাকি এর অন্য কোন অন্তর্নিহিত অর্থ আছে! রবীন্দ্র বিশেষজ্ঞদের মতে অবশ্য এই ডুডলগুলি বহুমাত্রিক৷ কারন এই ‘ডুডল্’ করতে করতেই নাকি রবীন্দ্রনাথের ছবি আঁকার জগতে প্রবেশ, যা তাঁর সৃষ্টিক্ষেত্রে আরো একটি মাত্রা সংযোজন করেছিল৷ অন্যদিকে, লেখার খসড়া হিসেবে হিজিবিজি বিদ্যার ব্যাবহার তো আছেই৷ সে কথায় পরে আসছি৷

রবীন্দ্র গবেষকরা মনে করেন তাঁর হিজিবিজি বিদ্যার হাতেখড়ি পূরবী এবং খেয়া কাব্যগ্রন্থের খসড়াতে, ১৯২৪ সাল নাগাদ৷ অর্থাৎ রবীন্দ্রনাথের নোবেল প্রাপ্তির পরের সময়কার কথা৷ যেখানে উনি লেখার মাঝে মাঝে কিছু কিছু শব্দ কেটে দিয়েছেন বা ঢেকে দিয়েছেন কালি দিয়ে, আর সাথে সাথে তৈরি হয়েছে নানান নিয়মিত ও অনিয়মিত আকার৷ যেমন, কিছু সামঞ্জস্যহীন প্রাণী বা উদ্ভিদ, কোথাও বা উদ্ভিদ ও প্রাণীর সংমিশ্রণ ঘটেছে। কখনো কখনো এই আকৃতি গুলি পরস্পরের সঙ্গে জুড়ে গিয়ে সম্পৃক্ত হয়ে নতুন একটা আকার তৈরি করেছে। আবার কখনও ঢেউ বা লতার মতো কথার মাঝে মাঝে ছবি হয়ে ফুটে উঠেছে। বিশেষজ্ঞরা অনেকে এর সাথে প্রাগৈতিহাসিক গুহাচিত্রের ও মিল পেয়েছেন। নিচের ছবিগুলিতে দেখা যায় যে রবীন্দ্রনাথ কেমন লিখতে লিখতে আঁকছেন, আবার আঁকার ছলে লিখছেন। এইভাবে কথা ও ছবির ভারসাম্যে এক আশ্চর্য্য সাবলীল যোগসূত্র তৈরী হয়েছে৷





PURABI 1924 Manuscript no. 102, Rabindra Bhavana



বিশেষত্ঃ, এই হিজিবিজি বা ডুডল্ ছবিগুলির উৎপত্তি কিন্তু উপজাত হিসেবে। কারণ এই ডুডল্ করে ঢেকে দেওয়া শব্দগুলি প্রকাশিত বইয়ের পাতায় দেখা যায় না বরং খসড়া হিসেবেই থেকে যায়। এইভাবেই হিজিবিজি বি্দ্যায় ধরা পড়ে স্রষ্টার ভাবনার ওঠাপড়ার কথা৷ যেখানে তার মূল উদ্দেশ্য ছিল কবিতা, গল্প বা উপন্যাস লেখা৷ ছবি আঁকা নয়৷ পরবর্তীকালে, রবীন্দ্রনাথ নাটকের

খসড়াতেও ‘ডুডল্’ করেছেন। যেমন দেখা যায় নিচের রক্তকরবী নাটকের খসড়াতে৷ সময়ের সাথে সাথে ডুডলের ধরণে পরিবর্তনও এনেছেন, আর যোগ করেছেন রঙের ব্যবহার৷



সেই অর্থে রবীন্দ্রনাথের এই ডুডলগুলি তাঁর সৃষ্টির এক বিকল্প বহিঃপ্রকাশ বলা যায়৷ যেখানে একটি সম্ভাবনা অন্য রূপ নিয়ে দেখা দিল৷ প্রতিবিম্বিত হল ভিন্ন মাধ্যমে- রেখাচিত্রে; যা কেবল উদ্দ্যেশ্যহীন হিজিবিজি কাটা নয় বরং অনেক বেশি সম্ভাবনাময় এবং তাৎপর্য্যপূর্ণও বটে। যাতে প্রতিফলিত হয়েছে স্রষ্টার চিন্তাস্রোতের পরিবর্তন৷ অনেক সময় এমনও মনে হয় যে এই ডুডলের আড়ালে না জানি কি অধরা মাধুরি লুকিয়ে রইল চিরকালের তরে৷ রবীন্দ্রনাথের “সকল গানের ভান্ডারি” দিনেন্দ্রনাথ ঠাকুর যেমন কবির বাতিল করা অনেক লেখায় সুর বসিয়ে তাকে রবীন্দ্র সংগীতের রূপ দিয়েছেন, সেইরকম তো হতে পারত ডুডলগুলির ক্ষেত্রে৷ ডুডলগুলি সেই অর্থে বহুব্যঞ্জক, যা স্রষ্টার ভাবনার পরিবর্তনগুলিকে এখানে প্রতিবিম্বিত করেছে৷ হয়ে উঠেছে তাঁর ভাব প্রকাশের অন্যতম মাধ্যম, যা একান্তই তাঁর নিজের, যেখানে তাঁর অনুশীলনের আরম্ভ এবং পর্যায়ক্রমে সম্পূর্ণতা পেয়েছে চূড়ান্ত সৃষ্টিতে, গল্প বা কবিতা, নাটক বা প্রবন্ধের আকারে৷

রবীন্দ্রনাথের একটি বহু আলোচিত ডুডল্ হল তাঁর আত্মপ্রতিকৃতি যেখানে উনি কতগুলি পুনরাবৃত্তিক জটিল রেখাচিত্রের মাধ্যমে ওনার মুখাবয়বকে তুলে ধরেছেন৷ এটি অনেক পরের দিকের সৃষ্টি বলেই, গবেষকদের মতে, এতে আধুনিক শিল্পের প্রতি রবীন্দ্রনাথের অনুরাগ ধরা পরেছে, যখন উনি নিয়মিত ছবি আঁকছেন৷

এইবার দেশে গিয়ে অনেক বছর পর শান্তিনিকেতনের উত্তরায়ন প্রাঙ্গণে গিয়েছিলাম। উত্তরায়নের বিচিত্রা ভবন- যেখানে রবীন্দ্র সংগ্রহশালা ও গবেষনাগার, সেখানে সজত্নে রক্ষিত রবীন্দ্রনাথের খসড়াগুলি দেখে আবারও রোমাঞ্চিত হলাম চিত্রময়ী বর্ণনায়। আরো অনেকের মত আমারও প্রশ্ন যে তাঁর এই খসড়ার "হিজিবিজি বিদ্যা" কোন ভাবনাটিকে ব্যক্ত করে, ছবির না কথার? নাকি উভয়েরই?

সূত্র:
রবীন্দ্রনাথ ঠাকুর (১৩৪৯) চিঠিপত্র। শ্রীমতী প্রতিমা ঠাকুরকে লিখিত। তৃতীয় খন্ড, বিশ্বভারতী গ্রন্থনালয়।
সুকান্ত চৌধুরী (২০১০) মেটাফিজিক্স অফ টেক্সট, কেমব্রিজ উনিভাসিটি
কবিতা সিংহ (২০১৩) দ্য এনিগম্যাটিক ইমেজারি ইন টেগোর'স ডুডলস্, এ পিয়ার রিভিউড জার্নাল অফ ভিস্যুয়াল আর্ট এন্ড পারফর্মিং আর্ট
নীলাঞ্জন ব্যানার্জী (২০১১) উইংস্ অফ মিসটেকস্: ডুডলস্ অফ রবীন্দ্রনাথ টেগোর, পুনশ্চ।
রবীন্দ্রনাথ ঠাকুর (২০২০) খসড়া চিত্র, গুগল ইমেজ।

মাউন্টিদের সাথে কয়েক বছর

ডক্টর ঝর্ণা চ্যাটার্জী

সম্প্রতি পুলিশের নৃশংস ব্যবহার ও অত্যাচারের খবর টিভিতে, রেডিওতে, পত্র-পত্রিকাতে এবং সামাজিক সংবাদ মাধ্যমে প্রচুর প্রাধান্য পেয়েছে। খবরে যখন একদিন দেখলাম বিশাল দৈত্যাকৃতি মানুষ জর্জ ফ্লয়েড তার শেষ ক্লিষ্ট নিঃশ্বাসটুকু দিয়ে শিশুর মত তার পরলোকগতা মায়ের জন্য আকুল হয়ে কাঁদতে লাগল, তখন আমার চোখের জল বাধা মানে নি। অনস্বীকার্য্য যে এটা অমানুষিক ব্যবহার। কিন্তু আমি দীর্ঘকাল

রয়্যাল কেনেডিয়ান মাউন্টেড পুলিশ বা আরসিএমপিতে কাজ করেছি, পুলিশ অফিসারদের স্বাভাবিক মানুষ হিসাবে খুব কাছে থেকে দেখেছি। তাই আজ এই প্রবন্ধ লিখতে ইচ্ছে করল। টেলিভিসনে যা দেখেছি সেটাই এদের সম্পূর্ণ পরিচয় নয়।

আরসিএমপি ক্যানাডার দশটি প্রদেশ আর তিনটি টেরিটরিতে শান্তিরক্ষার কাজে নিযুক্ত ছিল তখন - সম্ভবতঃ এখনও আছে। প্রায় ২০,০০০ কর্মচারী, পুলিশ, সিভিলিয়ান আর সরকারী কর্মচারী মিলিয়ে। বিশাল সংগঠন, আর অত্যন্ত পদমর্য্যাদা সচেতন। আমার কাজ ছিল সামাজিক সমস্যা সম্পর্কে গবেষণা করে রিপোর্ট লিখে পলিসির জন্য সুপারিশ করা, যাতে এই সামাজিক সমস্যাগুলোর সমাধান হয়। কয়েকটি বিষয় বস্তুর উল্লেখ করছি - অর্গানাইজড ক্রাইম, ইয়ুথ গ্যাং, ডোমেস্টিক ভায়োলেন্স, এথিক্যাল ইনটেলিজেন্স ইত্যাদি। এগুলো ইংরেজীতে লিখলাম এবং লিখব, সবার বুঝতে সুবিধে হবে বলে। 'ইয়ুথ ক্রিমিন্যাল জাস্টিস এ্যাক্ট' জারী হবার আগে আমাকে জাস্টিস ডিপার্টমেন্ট চার বছরের জন্য ডেকে নিয়ে গিয়েছিল, সারা ক্যানাডাতে এই আইন জারী হবার আগে ও পরে যে সব রিসার্চ প্রজেক্ট হয়েছিল তার দেখাশোনার দায়িত্বে।

কিন্তু আজও আমি যে রিসার্চ প্রজেক্টের সব দায়িত্বে নিযুক্ত ছিলাম বলে সব চেয়ে বেশি আনন্দ অনুভব করি সেটা হোল রেস্টোরেটিভ জাস্টিস ইভ্যালুয়েশন প্রজেক্ট। এই কাজে আমাকে সারা ক্যানাডাতে ঘুরতে হয়েছে, প্রতিটি প্রদেশে গিয়ে অজস্র মানুষের ইন্টারভিউ নিতে হয়েছে। কত রকমের লোকের সাথে দেখা হবার সুযোগ পেয়েছি সেই সময়ে। আবার ভ্যানকুভারের কুখ্যাত অঞ্চলে একজন পুলিশ অফিসারের সাথে তার গাড়িতে মাঝ রাতে টহল দিয়ে দেখেছি কি ধরণের বিপজ্জনক পরিস্থিতির সম্মুখীন হতে হয় এদের।

এবার আসল প্রসঙ্গে ফিরে যাই। একদিন প্রেইরির এক ধূ ধূ-করা মাঠের মধ্যে নির্জন হাই-ওয়েতে গাড়িতে করে যাচ্ছি এক শহর থেকে অন্য শহরে। গাড়ি চালাচ্ছে এক

ছ'ফিট তিন ইঞ্চি লম্বা পুলিশ অফিসার। আমরা নানা বিষয়ে আলোচনা করছিলাম। কথায় কথায় ক্রিসমাস উৎসব পালন করার প্রসংগ উঠল। আমি হিন্দু, ভারতে আমার জন্ম। তাই ও জিজ্ঞেস করল আমরা ক্রিসমাস পালন করি কিনা। আমি বললাম ছোট বেলা থেকে দেখেছি সব ধর্মের উৎসবে ভারতীয় লোকেরা সানন্দে অংশগ্রহণ করে, তাই এখানেই বা অন্য রকম হবে কেন। আমি ওকে জিজ্ঞস করলাম ওরা কি ভাবে এই উৎসব পালন করে। ও বলল "আমরা ডিনারের পরে সবাই মিলে একটা মুভী দেখি।" "কি রকম মুভী?" এবারে ওর উত্তর শুনে আমি হতবাক - "আমরা প্রতি বছর রিচার্ড এ্যাটেনবরোর 'গান্ধী' মুভীটা দেখি"।

হ্যাঁ, সত্যি। এই রকম কিছু পুলিশ অফিসারও আছে মাউন্টিদের (আর-সি-এম-পি) মধ্যে। জাতীয় 'আইকন' হিসাবে এরা ছিল সম্মানিত, আইনানুগভাবে শান্তি ও শৃঙ্খলা বজায় রাখার জন্য এরা এই সংগঠনে যোগ দিয়েছে, যাদের লাল সার্জের পোষাকে সত্যিই অপূর্ব সুন্দর দেখতে লাগে। আমাদের ডিপার্টমেন্টে মীটিংএর বড় ঘরটিতে ছিল এক মস্ত বড় গোল টেবিল। রাজা আর্থারের নীতি অনুযায়ী কেউ অন্যের চেয়ে এই টেবিলে বড় বা ছোট নয়। যদিও আমরা জানতাম বাস্তব সত্যি। তবুও আমার ভাল লেগেছিল।

একদিন আমি অন্য কোনও ডিপার্টমেন্টের একটা মীটিং থেকে ট্যাক্সি করে অফিসে ফিরছিলাম। ফেরার কয়েক মিনিট পরেই এক দীর্ঘ-দেহী অফিসার এসে আমার সামনে দাঁড়াল । "কি ব্যাপার?" "তুমি ট্যাক্সিতে বেল্ট বাঁধ নি কেন?" উঃ কি করে ও জানল রে বাবা! আমি ভয়ে ভয়ে উত্তর দিলাম "আমি তো ট্যাক্সিতে কখনও বেল্ট বাঁধি না"। "কেন বাঁধ না? ট্যাক্সিওয়ালার কাছে তুমি হচ্ছ শুধু একজন ভাড়াটে প্যাসেঞ্জার। বাড়ির লোক বা বন্ধু যদি ড্রাইভ করে বা তুমি যদি নিজে ড্রাইভ কর, তাহলে তুমি বিশেষ এক জন। তাই ট্যাক্সিতে আরও বেশি দরকার বেল্ট বাধা"। আমাকে এত সুন্দর ভাবে নিরাপত্তার জন্য উপদেশ দিয়ে চলে গেল।

আমি সিভিলিয়ান মেম্বার, জন্মেছিলাম ভারতে, পাঁচ ফিটও নই উচ্চতায়। কিন্তু খোদ কমিশনার থেকে শুরু করে সাধারণ কনস্টেবল পর্যন্ত প্রত্যেকের কাছে অনেক সম্মান পেয়েছি, এঁদের কারো ব্যবহারে কখনও মনে হয় নি আমি কারো থেকে ছোট। এঁরা পদমর্যাদা সম্পর্কে সচেতন বলে আমাকে "ডক্টর চ্যাটার্জী" বলে সম্বোধন করতেন সবাই। ভিয়েনাতে ইউ-এন এর একটা বিশ্ব-সম্মেলন হয়েছিল ২০০০ খৃষ্টাব্দে। আইনমন্ত্রী এ্যান ম্যাকলেলানের নেতৃত্বে পুরো কেনেডিয়ান ডেলিগেশন যাবে সেখানে। বিভিন্ন ডিপার্টমেন্ট থেকে একজন দুজন করে প্রতিনিধি নিয়ে। আরসিএমপি থেকে মাত্র দুজন নির্বাচিত হল - একজন ডেপুটি কমিশনার আর এই নগণ্য রিসার্চ অফিসার। দশ-পনেরো জন অনুবাদকসহ সেই বিশাল প্রেস্টিজের বিশ্ব-সভায় আমরা বসলাম পাশাপাশি, আর বলার সময় কমে যাওয়ায় এই বিষয় (রেস্টোরেটিভ জাস্টিস) সম্পর্কে আমিই জানতাম বলে ওঁকে কি করে আমাদের বক্তব্য আর একটু সংক্ষিপ্ত করতে হবে সেই সম্পর্কে পরামর্শ দিচ্ছিলাম। আর এ ছাড়াও আমাকে নিমন্ত্রণ করা হয়েছিল ওখনে একটা সেমিনারে এই বিষয়ে বলার জন্য।

আমার পরিবারে গুরুতর অসুস্থতার সময়ে সেই খবর জানতে পেরে একজন এ্যাসিস্ট্যান্ট কমিশনার এলেন আমার অফিসে। বললেন "তোমার যে কোনও অসুবিধের বা প্রয়োজনের কথা জানাতে দ্বিধা কোরো না। আমরা নিজেদের লোকেদের দেখাশোনা করি"। আর সত্যিই তার কোন ব্যতিক্রম হয় নি। কারণ আমি ছিলাম ওদের "নিজেদের লোক"।

আমি গর্ব ও আনন্দ অনুভব করি যে অনেকগুলো বছর আমি আরসিএমপিতে কাজ করেছি আর আমার মাউন্টি সহকর্মীদের ভাল ভাবে দেখবার সুযোগ পেয়েছি। ওদের আমি ভুলতে পারব না, সব সময়ে মনে রাখি যে ওদের মধ্যে বেশির ভাগ লোকেই "শান্তির কর্মী" - পিস অফিসার।

Enjoying lunch with my Mountie-and Civilian-colleagues at Fraud Centre

Author with a Mountie constable

Calcutta: The British Gateway to India

Sourendra K. Banerjee

Calcutta (the anglicized name of Kolkata) was officially founded by Job Charnock in 1690 who used the name in his writing to the Mughal emperor Aurangzeb (1658-1707). Charnock came to Madras in 1657, became East India Company's Governor of Bengal in 1686. The company official of Dacca used the name Calcutta with Charnock who by his diplomacy and tenacity earned Aurangzeb's favour of trading licenses to the company. Charnock cleverly saw the potential of British settlement in Bengal. He and his son-in-law Charles Eyre negotiated through an influential man in Behala and bought rights of collecting revenue of the three villages Sutanati, Govindapur, and Dihi Kolkata from their Bengali landlords in 1698. Aurangzeb's grandson Azim-us-san was then Bengal's ruler. Charnock married a Bengali (either a would-be 'Sutee' or more likely a Muslim woman). He died in 1692/3 and was buried in the backyard of St. John's Church. Charnock started Fort William (near the present Writers' Building) that was completed later but damaged during the battle of Plassey.

The name Kolkata has a rural origin. Kol (O as in 'ode') means lap, as well as an indentation of a riverbank, which at some places makes a natural harbor or ghat where boats or small ships can anchor. This happens especially in alluvial soil like the Hugli river. After a few years, the river may change the flow due to heavy sedimentation. This is called Kata (both as a in father, t as in top) or to cut. Together Kolkata is a plausible name. Also Kalighat (mother Kali in Calcutta or Bengal's presiding deity, nearby Posta has had a temple but the present Kalighat temple was built in 1809 by the descendants of the original Seller of the villages to the British (as an atonement). The British were familiar with the name Calikat on the western coast of India. These all contributed to the name of Calcutta.

We will discuss the state of European coastal countries and a short history of India for a better perspective of the title of this article.

Henry VIII (1489-1509) was a very powerful monarch who proclaimed himself as the Head of the Church in England which was the culmination of reformation. Renaissance in England also culminated which saw Byron (1788), Keats (1792), Shelly (1772), Shakespeare (1564), and many others. England and European Nations made tremendous progress in science and literature. The monarchy was very powerful, but people were conscious of their power and were proud of their "nationhood". Any legislation in England needed the

approval of both houses even during Henry 8th's time. The coastal nations advanced in navigational sciences and equipped their ships with cannons (brought by Jesuits from the Manchus, Mongols, and Chinese) and gunnery. Johnson Amwell (1730) cautioned "war causes misery". But power corrupts (Shakespeare). Michael Drayton (1563) wrote:

"You great human mind

Go and subdue

Get the pearl and gold

Let the cannons roar

For getting the wide heaven."

The European coastal Nations (with the tacit support of the church) literally did that, not only for gold but also for the profitable reservoirs of West Africa as trade for Slaves, plundering and killing and shackling able-bodied men, women and even pre-pubescent children for money. Their priests were preaching 'the savages' about the man being a child of their monotheistic God's. Mighty Islam also engaged itself in slave-trade in Morocco, Tripoli Zambia, etc. The Coastal European countries in the West started finding sea routes to India and the far East. Columbus of Spain believed he was going to India, instead discovered Cuba (1493) and South America. Americo Vespucci found Brazil and confirmed a new landmass which was named America in his honour. Portugal was very expert in nautical sciences. Dias found the route to Cape of Good Hope. Following the same root, Vasco da gama reached the West coast of India in 1497. He was a good sailor and an also ruthless general in warfare. With sophisticated and savage military raids conquered Goa and controlled all the ports on the west coast of India (including Cochin by 1510). This is the time when the Lodi dynasty in India was trembling and Babar was to come. Later Babar and Akbar's power stopped further Portuguese expansion.

In 1600 Queen Elizabeth I signed a charter for the East India Company (E.I.Co) for trading. By 1685 they had trading ports in Surat, Bombay, and Madras, Calcutta, and Dacca. The Portuguese had one in Bengal in 1535. The French East India Company had the same in Malabar, Pondicherry, Chandannagar by 1673. Gujrat was independent as Bengal (with Lodi sovereignty) was. Muslim rulers' only occupation was personal gain, impose Shiite Islam in India and oppress the Hindus (93% of India was Hindus) and fight with other power-sharing Shiite Muslim rulers. India was neither a state nor a nation since the 8th or 9th

century with skirmishes amongst themselves (no brutality), but it was a great civilization bounded and inspired by Hindu pantheistic scriptures with lofty and logical philosophy. This made the Indians peace loving if not docile. Ramanuj & Nimbiarkar wrote on theism with devotional appeals to a personal god. Their 11th-century writings are highly acclaimed even now by western intellectuals. Joydev (1179-1205), Chaitanya Dev (1485), Balav Acharya (16th century) wrote gospels of love and they are examples of superb religious philosophy. Tulshidas's Hindi Ramayana (Sri Ram Charit Manas, middle of 16th century) came to soothe people's minds. But Indians lacked sciences* and skills in modern warfare. India's powerlessness but riches made it a target of ravages by the brutal raids of the middle east countries, especially the Afghans. As early as 711 Mohammad Kassem raided Sindh and Indus valley. A rebel slave became master of a part of Afghanistan and founded Ghaznibad in central Afghanistan with himself as the ruler. His son Mohammed Ghajini invaded Indus valley (1005) and Lahore (1015) and imposed Islamic conquest in India.

The slave dynasty soon under his influence extended the whole of the Indo-Gangetic plain. Genghis Khan of west Turkestan ravaged west of Indus in 1221 but went away fearing Delhi's might. Iltutmis further extended the Muslim conquest (1304). Then another barbaric attack by the Transoxian Taimur long (who ruled Afghanistan). pillaged Delhi (1398) and conquered many small States in India. After a lot of slaughter, he abruptly chose the king of Multan as his governor in India and left with lots of treasures. Then, Allaudin Khilji and Mohamad Tuglok consolidated their conquest of most of India by the 15th century. Tughlok divided India in 23 governments including five in the south. The Hindu masses were treated as subjugated subjects and Muslims were rulers with all privileges. Gujrat and Bengal managed to remain autonomous. The Delhi Sultanate itself had Turko Afghans as their sovereigns. The Lodis were military, feudal overlords. Their sole mission was to impose Islam or Hindus oppression. But military factions led by various Lodi clans were infighting and Delhi Sultanate became weak. It was an opportune time for the Turko Mongolians. Babar became the Sultan of Forgan (1494) and invaded Afganistan, Kabul (1504), and Kandahar (1507). His uncle was a general of Ibraham Lodi who rebelled. Babar invaded Delhi and easily defeated him in 1526. The Rajputs under Rana Sanga and the Afgan Amirs joined Ibrahim Lodi but lost. So did the Bengali rulers (Shia clan members of the Lodis) in 1529. Babar's' Mughal rule extended in India beyond any earlier Muslim rulers. He died and his son Humayun became Mughal Badshah (1530). Sher khan of Bengal (a Lodi faithful) drove Humayun out of India in 1540. He became Sher Shah – the ruler of India. Sher Shah made roads

from Punjab to Bengal, introduced coins, taxation equitable for Hindus, Muslims, and the states. He died in 1554 and Humayun returned as Badshah in 1555, but died in 1556. Akbar succeeded and at the age of thirteen, became effectively the Mughal Badshah in 1562. He built a huge army (200,000 men and 500 war-elephants), lots of cannons and Hindu servants to carry the cannons and serve the soldiers and elephants. He conquered Gujarat, Surat, and (by defeating Duad) Bengal. He tried to appease the Hindus. He defeated the valiant Rajputs. Except for Rana Pratap of Mawar, all Rajput kings became his subordinates. The army was expensive. He raised taxes for richer Muslims (and even reduced them for Hindus). There was however a shortage of revenue. He built magnificent cities (Allahabad, Fatehpur Sikri), had 30,000 palace horses. The average subject became poor, children were sold and even human flesh was in the market. He was succeeded by Jahangir (1605-28) who lost Kandahar. Jahangir suppressed Ahmednagar and the Rajput kings. His generals were unhappy. His son Shahjahan became Badshah in 1627. He recaptured Kandahar suppressed rival generals in the South and dominated Deccan. But his wife's death and disobedient children demoralized him. He built Tajmahal and the peacock throne. The period from Akbar to Shajahan is noteworthy. The Europeans started coming to India for 'trade'. In England, King Charles I was executed in 1649 by Cromwell who had ideas of republicanism or public rule instead of the monarchy but suddenly he died in 1658. Monarchy was back in 1660 with Charles II as the king. Europe was in full renaissance. Galileo (1564-1642), Kepler (1567-1680), Descartes (1596-1650) were the pillars of modern sciences. That was a huge contrast with India.

Aurangzeb became the Mughal Badshah in 1658 after killing his three brothers and confining his father Shahjahan in a fortress where he died in 1666. During the 1655-1700 famines, pestilence reigned, industry was ruined. Aurangzeb ruled from 1658 to 1707. His passion was conquest and oppressing non-Sunni Muslims, and especially the Hindus. He imposed vassalage on the king of Assam in 1661, seized Chittagong. He subdued Afghan tribes and occupied Vijayan, Golconda, and Bijapur in the South and appointed an overlord (one of his generals) Nizam-ul-Mulk to supervise the Deccan including the Nawab of Carnatic. The British and French so-called 'trading posts' (with an army to back up) were there. Marathas did not like the Mughal rule in India, especially the Muslim rulers of the South. Aurangazeb similarly had a viceroy (his grandson) for Bengal, Bihar, Orissa, and Oudh which disintegrated and Mughal authority started loosening after Aurangzeb's demise. Aurangzeb's religious persecution (jizya tax on Hindus), suppressing

many Hindus and Sufi Muslims, desecration of temples (idols from temples used as footsteps in mosques) caused great resentments. Sufi Faquirs and Hindu Monks revolted in 1650. They were trampled by war elephants. Rajputs protested such incidents in Bundelkhand in 1659. They were crushed. Jaths revolted with the same result. Aurangzeb's son being unable to crush the revolt, fled and given refuge by the Marathas who became very powerful. They, under Shivaji Bhoshley's leadership oppressed the Mughals in the Deccan and even Delhi. After Shivaji, under his son Shambhuji 'Marahatta power' was established in the Southern peninsula from the Arabian Sea to the Bay of Bengal. Simultaneously Sikh power also grew. Guru Nanak (1469-1539) originated the Sikh Scripture 'Granth Saheb'. The 5th Guru Arjun (1581-1601) forged a nation. In 1675 their Guru Tej bahadur was executed by Aurangzeb. The 10th and last Guru Govind Singh (1675-1708) made the Sikhs a martial group against Aurangazeb. It is a pity that Marathas, Sikhs and the Rajputs did not unite. In the meantime, Mughal treasury was going bankrupt. The army was highly pampered. They became jewel-decked privileged class. The poor people starved. Aurangzeb could not trust anybody and hated his children. He died in in 1707. After his death Mughal power started crumbling. Nadir shah (a Turkoman from Khoran) attacked Afghanistan and then India and pillaged Delhi. In 1756 Ahmed Shah of Afghanistan seized Kandahar and Kabul. Then he invaded again in 1761. Marathas joined the Mughals but suffered heavily in the 3rd battle of Panipat. Instead of helping them, the Sikhs seized Punjab and in 1764 declared Punjab as a Sikh state with Lahore as capital. This turmoil had its effect in the Deccan.

The foreign trading companies (like French E.I.Co and British E.I.Co, backed by their military) had been granted licenses by the Mughal emperors. But they (specifically the French) started interfering in local warfare and played politico-mercenary roles. The French general Dumas got the title Nawab by the Mughals for helping the Mughals. The British took the opposite sides for its own interest. Dupleix defeated the British and took Madras but in 1748 restored it to the British according to the Aix La Chapelle treaty. Calcutta was won by the French (1786) but returned to the British by the Treaty of Paris in 1763. But these were not political but trade wars (with military help) as far as India was concerned. The Hindus preferred English against the French generally.

